কুষ্মাণ্ডঃ গৌড়ে "কুমুরাখ্যঃ" ডিণ্ডিশঃ গৌড়ে "ডিণ্ডিলাখ্যঃ" এতেষাং চক্রাকারখণ্ডসমূহং, চণকদ্বিদলচূর্ণপঙ্কেনাক্তং, ব্যাপ্তং ঘৃতেন ভৃষ্টং পৃথক্ পৃথক্ পশ্য ॥ ৯৩ ॥

ব্রজে পাকোড়াখ্যানি চণকবটকানি ঘৃতভৃষ্টানি কেবলং দ্রব্যান্তরা যোগাৎ দ্রব্যান্তরমিলনেনাম্লনত্তক্রক্কাথয়োর্মিলনাৎ ক্লিন্নান্যপরাণি বটকানি পশ্য ॥ ৯৪ ॥

ক্বথিতাম্ভসি অত্যুষ্ণোদকে স্বিন্নানাং (পক্কানাং) চণকচূর্ণপিণ্ডানাং খণ্ডানি দ্রব্য পাকাদীনাং ভেদাৎ নানাবিধানি ॥ ৯৫ ॥

(চালকুমড়া) ডিণ্ডিশ (রোমশফল বা ঢাঁড়শ) সমূহের চক্রাকার খণ্ড সকল দ্বিদলচূর্ণ-পঙ্কে অর্থাৎ ডাইলের বেষণ দ্বারা পরিবৃত করিয়া পৃথক্ ২ ঘৃত ভর্জিত হইয়াছে ॥ ৯২—৯৩ ॥

কেবল ঘৃত ভর্জিত দ্বিদল বটক সমূহ ও দ্রব্যান্তর সম্মিলনে অর্থাৎ অম্ল ও তক্রচয়ের ক্বাথে ক্লিন্ন অপরাপর বটকসকল দর্শনকর ॥ ৯৪ ॥

এবং অত্যুষ্ণ উদকে পক্ক চণকচূর্ণপিণ্ড সমূহের খণ্ড সকল এবং দ্রব্যাদি ও পাকাদি প্রভেদে নানাবিধ বটক প্রস্তুত হইয়াছে ॥ ৯৫ ॥

* কুষ্মাণ্ড-ডিণ্ডি-বার্ত্তাকু-চক্রাভখণ্ডজালকং ইতি পাঠান্তরং ।

বটিকাফলমূলানাং পৃথক্ সংযোগভেদতঃ।
ত্রিজাতমরিচাদৈ্যস্তু প্রকারান্ বহুধা কৃতান্ ॥ ৯৬ ॥
কর্কারু-জ্যোৎস্নিকালাবুফলান্যালি! পৃথক্ পৃথক্।
রাজিকাদধিযোগেন সংস্কৃতান্যনয়া শুভে! ॥ ৯৭ ॥
বৎসেপ্সিতপ্রসূনানি ঘৃতভৃষ্টানি কেবলম্।
ঘৃতভৃষ্টা দধিক্লিন্নাঃ কলিকাঃ কোবিদারজাঃ ॥ ৯৮ ॥

---

ত্রিজাতমরিচাদ্যৈঃ করণৈর্বটিকাফলমূলানাং পৃথক্ সংযোগভেদাৎ বহুধা কৃতান্ একদ্রব্যস্য বহুপ্রকারান্। ত্রিজাতেতি তেজপত্র-রসবাস-গুড়ত্বক্ ইতি। কেচিৎ জায়ফল-দারুচিনী-জায়ত্রীতি বদন্তি ॥ ৯৬ ॥

কর্কারুঃ কুষ্মাণ্ডঃ, "কুষ্মাণ্ডকস্তু কর্কারু" রিত্যমরঃ। জ্যোৎস্নিকা গৌড়ে "ঝিঙ্গা" ইতি প্রসিদ্ধা, জ্যোৎস্নী পটোলিকা জালী নাদেয়ী ভূমিজম্বুকা ইত্যমরঃ। অলাবু গৌড়ে "লাউ" ইতি। ঘিয়া ইত্যাদীনি অন্যানিচ ফলানি রাজিকা রাই ইত্যাখ্যা ক্ষুদ্রসর্ষপভেদাঃ। দধিযোগেন অনয়া রাধয়া সংস্কৃতানি ব্রজে "রায়তা" ইত্যাখ্যা। "ক্ষবঃ ক্ষতাভিজননো রাজিকা কৃষ্ণিকা স্থরী" ত্যমরঃ ॥ ৯৭ ॥

কেবলং ঘৃতেন ভৃষ্টানি বৎসেপ্সিতানি বৎসঃ কৃষ্ণস্তস্য ঈপ্সিতানি প্রসূনানি ব্রজে বচসীত্যাখ্যানি কেচিৎ বকপুষ্পাণি কোবিদারজা কাঞ্চন-

---

জায়ফল, দারচিনি, ও জয়ত্রী অথবা তেজপত্র রসবাক গুরুত্বক্ প্রভৃতি দ্বারা বটিকা, ফল, ও মূলসমূহের পৃথক্ পৃথক্ সংযোগ ভেদে এক এক দ্রব্যের বহু প্রকার খাদ্য প্রস্তুত করা হইয়াছে ॥ ৯৬ ॥

হে সখি! হে শুভে!, এই শ্রীরাধা কর্তৃক কুষ্মাণ্ড, জ্যোৎস্নিকা, (ঝিঙ্গা) অলাবু (লাউ) প্রভৃতি ফলসমূহ, পৃথক্ ২ ভাবে রাজিকা (রাই নামে প্রসিদ্ধ ক্ষুদ্র সর্ষপবিশেষ) ও দধি যোগে রায়তা প্রস্তুত হইয়াছে ॥ ৯৭ ॥

বৎস শ্রীকৃষ্ণের অভীপ্সিত প্রসূন অর্থাৎ বক পুষ্প কেবলমাত্র ঘৃত দ্বারা

ঘৃতভৃষ্টা দধিক্লিন্নাঃ প্রসূনবটিকা দ্বিধা।
পটোলস্য ফলান্যাজ্যভৃষ্টানি রুচিদান্যলম্ ॥ ৯৯ ॥
বৃদ্ধকুষ্মাণ্ডবটিকাঃ কচ্বীমানালুকন্দকৈঃ।
তিক্তনালীতচূর্ণাঢ্যাশ্চব্রিকাঢ্যাঃ পরাঃ কৃতাঃ ॥ ১০০ ॥
সিতৈলামরিচৈর্যোগাদ্দুগ্ধতুম্বী কৃতানয়া।
তদ্যোগাদপরং মিষ্টং ক্ষীরকুষ্মাণ্ডনামকম্ ॥ ১০১ ॥

---

পুষ্পকলিকা দধিক্লিন্নাঃ। কোবিদারে চ মরিকঃ কুদ্দালো যুগপত্রক-ইত্যমরঃ ॥ ৯৮ ॥

আজ্যেন ঘৃতেন ভৃষ্টানি পটোলফলানি ॥ ৯৯ ॥

কচ্বী গৌড়ে "কচু" ইত্যাখ্যা। আলু কন্দকঃ সাগরকন্দাখ্যঃ এতৈঃ সহ বৃদ্ধকুষ্মাণ্ডবটিকাঃ কৃতাঃ। এতেষাং মধ্যে কেচিৎ তিক্তনালীতচূর্ণৈঃ গৌড়ে নালীতাখ্যানাং চূর্ণৈরাঢ্যাঃ কৃতাঃ, কেচিচ্চবিকাঃ গৌড়ে "চই" ইত্যাখ্যত্যাঢ্যাঃ কৃতাঃ ॥ ১০০ ॥

সিতাখণ্ডঃ, এলা এলাচাখ্যা, মরিচৈশ্চ যোগাৎ দুগ্ধেন সহ তুম্বী অনয়া কৃতা। তদ্যোগাৎ সিতৈলামরিচৈর্যোগাৎ। ক্ষীরেণ সহ কুষ্মাণ্ডস্য পাকাৎ ॥ ১০১ ॥

---

ভর্জিত এবং কাঞ্চন পুষ্পের কলিকা ঘৃতে ভর্জিত করিয়া দধিমিশ্রিত করিয়া রাখা হইয়াছে ॥ ৯৮ ॥

ঘৃতভর্জিত ও দধি সংক্লিন্ন, দ্বিবিধ পুষ্পবটিকা এবং অতি রুচিপ্রদ পটোল ফল সমূহ, ঘৃতে ভর্জ্জিত করিয়াছে ॥ ৯৯ ॥

কচু, মান, আলু, সাগরকন্দ এই সকলের সহিত বৃদ্ধ কুষ্মাণ্ড বটিকা ও ঐ সকলের মধ্যে কোন কোন দ্রব্য নালীতাচূর্ণযুক্ত, কোন কোন বা চবিকা (চই) মিশ্রিত করা হইয়াছে ॥ ১০০ ॥

এই শ্রীরাধাকর্তৃক শর্করা, এলাচ ও মরিচ সহযোগে দুগ্ধতুম্বী অর্থাৎ দুগ্ধের সহিত লাউ এবং ঐ সকল দ্রব্য যোগে ক্ষীর কুষ্মাণ্ড অর্থাৎ ক্ষীর সহযোগে কুষ্মাণ্ড প্রস্তুত হইয়াছে ॥ ১০১ ॥

দধিশূরণকং মিষ্টং ধাত্রীশূরণকং পরম্।
দধ্নৈকং ভর্জ্জিতং চান্যৎ কারবিল্বফলং দ্বিধা ॥ ১০২ ॥
মৃদুরম্ভাগর্ভখণ্ডবৃদ্ধকুষ্মাণ্ডখণ্ডয়োঃ।
সিতাদধিযুতঃ পাকো মধুরাম্লঃ সুশীতলঃ ॥ ১০৩ ॥
নালীত-মেথী-শতপুষ্পিকা-মিষী-
পটোল-বাস্তূক-বিতুন্ন-মারিষাঃ।
প্রকারসংযোগবিভেদতোঽনয়া
শাকাঃ সুধাগর্ব্বহৃতঃ সুসংস্কৃতাঃ ॥ ১০৪ ॥

---

দধিশূরণকঃ গৌড়ে ওল ইত্যাখ্যানং মিষ্টং সিতাদিযোগেন। ধাত্রী ফলেন সহ পরং শূরণকং দধ্নৈকং অন্যৎ ঘৃতেন ভর্জ্জিতং। কারবিল্বফলং কদবেলাখ্যং ফলং, দ্বিধা সিতাযোগেন একং, দধিযোগেনাপরং পূর্ব্ববৎ দৃষ্ট্বা জ্ঞেয়ম্ ॥ ১০২ ॥

মৃদুরম্ভাগর্ত্ত গৌড়ে গর্ত্তথোড়াখ্যস্য খণ্ডবৃদ্ধকুষ্মাণ্ডখণ্ডয়োঃ সিতা দধিযুতঃ পাকঃ মধুরাম্লঃ ॥ ১০৩ ॥

নালীত গৌড়ে নালিতাখ্যঃ, মেথী প্রসিদ্ধঃ শতপুষ্পী গৌড়ে শলুফাখ্যা "শতপুষ্পা সিতচ্ছত্রা" ইত্যমরঃ। মিষী গৌড়ে "মুহুরী" ইত্যাখ্যা পটোলঃ পটোলাখ্যঃ। বাস্তূকঃ গৌড়ে "বথুয়া" ইত্যাখ্যঃ বিতুন্নো গৌড়ে "শুশুনী-ত্যাখ্যঃ" মারিষা গৌড়ে "নটিয়া" ইত্যাখ্যা, এতে শাকাঃ। অনয়া রাধয়া প্রকারসংযোগভেদতঃ সুসংস্কৃতাঃ সন্তঃ সুধাগর্ব্বহৃতঃ কৃতাঃ ॥ ১০৪ ॥

---

দধি ও শর্করাদি সহযোগে এবং ধাত্রী ফল সহযোগে ঘৃত পক্ক শূরণক (ওল) ও দধিযোগে ও শর্করাযোগে কদবেল দুই প্রকার প্রস্তুত করা হইয়াছে ॥ ১০২ ॥

গর্ভমোচাখণ্ড ও বৃদ্ধ কুষ্মাণ্ডখণ্ড, শর্করা ও দধি সহযোগে পাক, হওয়াও তাহা অতি শীতল ও মধুরাম্ল হইয়াছে ॥ ১০৩ ॥

নালীতপত্র, মেথী, শতপুষ্পী (সলুফা) মিষী (মহুরী) পটোল, বাস্তূক (বাথুয়া) বিতুন্ন (শুশুনী) ও মারিষ (নটিয়া) এই সকল শাক শ্রীরাধা

কলম্বী পক্কচিঞ্চায়া রসপক্কা রুচিপ্রদা*।
কৃষ্ণনালীতশাকোঽয়মামাম্রফলযুক্ শুভঃ॥ ১০৫॥
মুকুষ্টকস্য মুদ্গস্য মাসস্যাপ্যধুনা ময়া।
ত্রিবিধোঽয়ং সুধাকূপনিভঃ সূপো বিপাচ্যতে॥ ১০৬॥
পঙ্কৈঃ সুমনচূর্ণানাং দাসীভির্ভৃশমর্দ্দিতৈঃ।
পূর্ণেন্দুমণ্ডলাকারাঃ ক্রিয়ন্তে রোটিকা ময়া॥ ১০৭॥

---

পক্কচিঞ্চা পক্কা তিন্তিড়ী তস্যা রসেন পক্কা কলম্বী কলমীত্যাখ্যা রুচিপ্রদা কৃতা। কৃষ্ণনালীতশাকঃ আমাম্র অপকাম্রফলেন যুতঃ শুভাখ্যঃ শুভরূপো বা॥ ১০৫॥

মুকুষ্টকস্য ব্রজে মোটাখ্যস্য মুকুষ্টক মুকুষ্টকৌ বনমুদ্গে ইত্যমরঃ। মুদ্গস্য মাসস্যচ দ্বিদলপক্বেন সূপঃ সুধাকূপতুল্যস্ত্রিবিধোঽয়ং ময়া বিপাচ্যতে। মাসস্য চণকস্যচ চতুর্ব্বিধঃ সুধাকূপনিভঃ ইতি পাঠান্তরং॥ ১০৬॥

সুমনচূর্ণানাং গোধূমচূর্ণানাং পঙ্কৈর্দাসীভিঃ ভৃশমর্দ্দিতৈঃ মর্দ্দনাধিক্যেন রোটিকাঃ কোমলাদিগুণযুতা ভবন্তি। পূর্ণচন্দ্রমণ্ডলাকারা ইত্যনেন শুক্লা সুবর্ত্তুলাকার ইত্যনেনাহ্লাদজনকত্বাদিকং রোটিকাঃ ময়া ক্রিয়ন্তে "গোধূমঃ সুমনঃ সমাবিত্যমরঃ॥ ১০৭॥

---

কর্ত্তৃক বিবিধ প্রকারে পক্ক হওয়ায় তাহা অমৃতের গর্ব্বকেও খর্ব্ব করিয়াছে॥ ১০৪॥

পক্ক তিন্তিড়ীর রসে পক্ক, রুচিপ্রদ কলম্বী (কলমী) এবং অপক্ক আম্র ফলযোগে কৃষ্ণ নালীত পত্রের শাক সুন্দররূপে প্রস্তুত হইয়াছে॥ ১০৫॥

সখি! ঐ দেখ আমি অধুনা মুকুষ্টক (বনমুদ্গ) মুদ্গ ও মাসদ্বারা অমৃতকূপ সদৃশ ত্রিবিধ এই সূপ (ডাল) পাক করিয়াছি॥ ১০৬॥

এবং দাসীগণকর্ত্তৃক অতিশয়রূপে মর্দ্দিত গোধূমচূর্ণের পঙ্কদ্বারা পূর্ণচন্দ্র মণ্ডলাকার রোটিকা প্রস্তুত করিয়াছি॥ ১০৭॥

---

* কলম্বী পক্কচিঞ্চায়া রসপক্কা রুচিপ্রদা ইতি পাঠান্তরং।

ক্ষালিতাশ্চীনচেলেষু নিবদ্ধাস্তণ্ডুলা ইমে।
আগতে গোষ্ঠতঃ কৃষ্ণে পাচ্যা মে ক্বথিতাম্ভসি ॥ ১০৮ ॥
কৃতানি ক্রিয়মাণানি কর্ত্তব্যানি তু কানিচিৎ।
ইত্যন্নব্যঞ্জনানি ত্বং সংসিদ্ধানি প্রতীহি নৌ ॥ ১০৯ ॥
সৌরভ্য-সদ্বর্ণ-মনোহরং তৎ
সা বীক্ষ্য সর্ব্বং মুদিতা বভূব।
জিজ্ঞাসমানামথ তদ্বিধানং
তাং রোহিণী বিস্ময়পূর্ব্বমাহ ॥ ১১০ ॥

---

ইমে তণ্ডুলা আদৌ ক্ষালিতাঃ পশ্চাচ্চীনচেলেষু সূক্ষ্মবস্ত্রেষু বদ্ধাঃ কৃষ্ণে গোষ্ঠাদাগতে সতি ক্বথিতাম্ভসি উষ্ণতোয়ে ক্ষিপ্ত্বা পাচ্যা ॥ ১০৮ ॥

অন্নব্যঞ্জনানি সিদ্ধানি নৌ আবাভ্যামিত্যনেনাত্র বিলম্বো নাস্তীতি প্রতীহি ॥ ১০৯ ॥

তৎ সর্ব্বং সৌরভ্যসদ্বর্ণমনোহরঞ্চ সা বীক্ষ্য মুদিতাভূৎ। তদ্বিধানং কেন প্রকারেণ এতাদৃশসৌরভ্যাদিকং জাতমিতি জিজ্ঞাসমানাং তাং যশোদাং রোহিণ্যাহ ॥ ১১০ ॥

---

আর প্রক্ষালিত তণ্ডুলসমূহ সূক্ষ্ম বস্ত্রে নিবদ্ধ করিয়া রাখিয়াছি ও বারিপূর্ণপাত্র চুল্লীতে আরোপিত রহিয়াছে শ্রীকৃষ্ণ গোষ্ঠ হইতে আগমন করিলে পাক করিব ॥ ১০৮ ॥

হে যশোদে! আমাদের কর্ত্তৃক কৃত ক্রিয়মাণ ও যাহা কিছু করিতে হইবে তৎসমুদায় অন্ন ব্যঞ্জন সুসম্পন্ন হইয়াছে জানিও ॥ ১০৯ ॥

তখন যশোদা সেই সকল সুবাসিত, সদ্বর্ণ ও মনোহর ব্যঞ্জনাদি সন্দর্শন করিয়া অতিশয় আনন্দিতা হইলেন অনন্তর তিনি রোহিণীকে জিজ্ঞাসা করিলেন হে রোহিণি! এই সমস্ত ব্যঞ্জনাদি কি প্রকারে এতাদৃশ সুবাসিত, সুশ্রী ও মনোহর হইল? যশোদার ঐ রূপ বাক্য শুনিয়া রোহিণী বিস্ময়পূর্ব্বক তাহাকে কহিলেন ॥ ১১০ ॥

সামগ্রী সৈব সামান্যা পাকস্য প্রক্রিয়াপ্যসৌ।
কিন্তুপূর্ব্বগুণে হেতুর্গান্ধর্ব্বা-হস্তসৌষ্ঠবম্ ॥ ১১১ ॥
সা তাং রাধামন্নসংস্কারসক্তাং
প্রস্বিদ্যন্তীং লজ্জয়া নম্রবক্ত্রাম্।
দৃষ্ট্বা রাজ্ঞী স্নেহবিক্লিন্নচিত্তা
দাসীমস্যা বীজনায়াদিদেশ ॥ ১১২ ॥
ততো গতা দুগ্ধগৃহং ব্রজেশ্বরী
তত্রাপি তাভিঃ পরিসংস্কৃতান্যসৌ।

---

অসৌ পাকসামগ্রী পাকক্রিয়া চ সামান্যা সর্ব্বসাধারণ্যেব ন ত্বতি-চমৎকারিণী, তথাপ্যত্র সৌরভ্যাদ্যসাধারণগুণে রাধিকাহস্তসৌষ্ঠবং হেতুঃ ॥ ১১১ ॥

স্বগুণশ্রবণেন লজ্জয়া স্বভাবতশ্চানম্রবক্ত্রাং অন্নস্য সংস্কারে আসক্তাং রাধাং প্রস্বিদন্তীং দৃষ্ট্বা সা রাজ্ঞী যশোদা স্নেহবিক্লিন্নচিত্তা সতী অস্যা বীজনায় এতাং বীজিতুং দাসীমাদিদেশ ॥ ১১২ ॥

তদনন্তরমসৌ ব্রজেশ্বরী দুগ্ধগৃহং গতা তত্রাপি তাভিস্তৎপাককর্ত্তৃভিঃ পরিসংস্কৃতানি সর্ব্বাণি ভক্ষ্যাণি দৃষ্ট্বা নন্দিতা সা কৃষ্ণাগমে উৎকণ্ঠিতা সতী

---

হে যশোদে! এই পাক সামগ্রী ও পাকক্রিয়া সামান্যা অর্থাৎ সর্ব্ব সাধারণ সদৃশ পরন্তু এই পাক সামগ্রীতে সৌরভ্যাদি যে সকল অসাধারণ গুণ পরি-লক্ষিত হইতেছে তাহা কেবল শ্রীরাধিকার হস্ত সৌষ্ঠবই কারণ জানিবে ॥ ১১১ ॥

তখন শ্রীযশোমতী, অন্ন সংস্কারে তৎপরা শ্রীরাধাকে স্বগুণবর্ণন শ্রবণে লজ্জাবনতা ও ঘর্ম্মাক্ত কলেবর দেখিয়া স্নেহার্দ্রচিত্তে শ্রীরাধাকে বীজন (বাতাস) করিবার জন্য একটি দাসীকে আদেশ করিলেন ॥ ১১২ ॥

তৎপর ব্রজেশ্বরী দুগ্ধশালায় গমন করিলেন সে স্থলেও পাকচারিকাগণ

সর্ব্বাণি ভক্ষ্যাণি বিলোক্য নন্দিতা
সুতাগমোৎকা লঘু গোপুরং যযৌ ॥ ১১৩ ॥
শ্রীচৈতন্যপদারবিন্দমধুপ শ্রীরূপসেবাফলে।
দিষ্টে শ্রীরঘুনাথদাসকৃতিনা শ্রীজীবসঙ্গোদ্গতে।
কাব্যে শ্রীরঘুনাথভট্টবরজে গোবিন্দলীলামৃতে
সর্গং কল্যবিলাসবর্ণনময়ঃ সোঽয়ং তৃতীয়োগতঃ ॥ * ॥

---

লঘ্বনতিবিস্তীর্ণং গোপুরং যদ্বা লঘু শীঘ্রং যথাস্যাত্তথা গোপুরং পুরদ্বারং যযৌ। "পুরদ্বারন্তু গোপুর" মিত্যমরঃ ॥ ১১৩ ॥

ইতি শ্রীগোবিন্দলীলামৃতে সদানন্দবিধায়িন্যাং প্রাতঃকাল বিলাস বর্ণনময়স্তৃতীয়ঃ সর্গঃ ॥

---

কর্ত্তৃক সুসংস্কৃত ভক্ষ্য বস্তু সকল দর্শন করিয়া আহ্লাদিতা হইলেন পরন্তু গোষ্ঠ হইতে শ্রীকৃষ্ণের প্রত্যাগমন বিষয়ে উৎকণ্ঠিতা হইয়া তৎক্ষণাৎ পুরদ্বারে গমন করিলেন ॥ ১১৩ ॥

শ্রীকৃষ্ণ চৈতন্যমহাপ্রভুর পদারবিন্দের মধুপায়ি ভ্রমর স্বরূপ শ্রীরূপ গোস্বামীর সেবার ফল, শ্রীরঘুনাথ দাস গোস্বামি কর্ত্তৃক প্রেরিত, শ্রীমজ্জীব গোস্বামীর সঙ্গ হেতু সমুদ্ভূত এবং শ্রীরঘুনাথ ভট্ট গোস্বামীর বর-প্রভাবে প্রাদুর্ভূত শ্রীগোবিন্দলীলামৃত কাব্যে বিলাসময় নাম তৃতীয়সর্গ সমাপ্ত ॥ ১১৪ ॥

—:০:—

## চতুর্থ সর্গঃ ।

অথ ব্রজেন্দ্রেণ কৃতাগ্রহোৎকরৈঃ
কৃষ্ণং স্বগোষ্ঠাৎ প্রহিতো নিজোন্মুখীম্ ।
স্তন্যাশ্রুবিক্লিন্নপয়োধরাম্বরা-
মম্বাং মিলন্তীং পুরতো দদর্শ সঃ ॥ ১ ॥
এহ্যেহি বৎস ! ক্ষুধিতোঽপি শীঘ্রং
নায়াসি গেহং কিমু মাং দুনোষি ।
রাদ্ধং যদন্নাদিকমপ্যতীব-
যত্নেন তচ্ছীতলতাং প্রযাতি ॥ ২ ॥

---

অথানন্তরং ব্রজেন্দ্রেণ নন্দেন কৃতৈরাগ্রহোৎকরৈঃ স্বগোষ্ঠাৎ প্রহিতঃ কৃষ্ণঃ নিজোন্মুখীং বিলোকনোৎকণ্ঠয়া পুরদ্বারাৎ পশ্যন্তীং, স্তনদুগ্ধেনাশ্রুজলেন চ ক্লিন্নানি পয়োধরাম্বরঞ্চ যস্যাস্তাং পুরতো মিলতীমম্বাং মাতরং দদর্শ ॥ ১ ॥

এহ্যেহীতি আদরে, হে বৎসেতি বাৎসল্যে, ক্ষুধিতোঽপি শীঘ্রং গেহং নায়াসীতি কিমু কিং মাং দুনোষীতিচ বাৎসল্যপোষকোঽয়ং খেদঃ। অতীবযত্নেন যদন্নাদিকং রাদ্ধং সংসিদ্ধং তদন্নাদিকং ॥ ২ ॥

---

অনন্তর ব্রজেশ্বর শ্রীনন্দ মহারাজ অত্যন্ত আগ্রহ সহকারে শ্রীকৃষ্ণকে গোষ্ঠ হইতে ভবনে প্রেরণ করিলেন, শ্রীকৃষ্ণও গোষ্ঠ হইতে আগমন করিয়া অগ্রবর্ত্তি মিলীতা জননীকে দেখিলেন যে তিনি আপনাকে দর্শনার্থ উৎকণ্ঠিতা বশতঃ পুরদ্বার হইতে অবলোকন করিতেছেন এবং স্তন্য-দুগ্ধে ও আনন্দাশ্রু-জলে পয়োধর ও বসন অভিষিক্ত হইয়া যাইতেছে ॥ ১ ॥

তখন বাৎসল্যময়ী জননী শ্রীকৃষ্ণকে সন্মুখবর্ত্তী হইতে দেখিয়া অত্যন্ত আগ্রহ-ভরে বলিলেন,—বৎস! শীঘ্র আগমন কর, ক্ষুধিত হইলেও গৃহে আগমন করনা কেন? এবং কেনবা আমাকে দুঃখ দেও, অতি যত্ন সহকারে তোমার

ইতীরয়িত্বা তনয়ং তদঙ্গং
সম্মার্জ্জয়ন্তী করপল্লবেন।
সা তদ্বয়স্যান্ স্বগৃহায়নোৎকা-
ন ভাষত স্নেহবিপাকদিগ্ধা ॥ ৩ ॥
বিনা ভবদ্ভিঃ প্রচুরং ন ভুঙ্‌ক্তে
দ্রাক্ সঙ্গমার্থং ভবতাং সমুৎকঃ।
যচ্চঞ্চলোঽয়ং তদনেন বৎসাঃ!
সন্ধিঃ সদেষ্টা মম মন্দিরে বঃ ॥ ৪ ॥

---

ইতি তনয়ং কৃষ্ণং ঈরয়িত্বা উক্ত্বা করেণ তদঙ্গং সংমার্জ্জয়ন্তী স্বগৃহাগমনোৎকণ্ঠিতান্ কৃষ্ণবয়স্যান্ স্নেহস্য পরিপাকেন দিগ্ধা যুক্তা অভাষত ॥ ৩ ॥

যদযস্মাদয়ং চঞ্চলঃ কৃষ্ণঃ ভবতাং দ্রাক্ শীঘ্রং সঙ্গমার্থং সমুৎকঃ ভবদ্ভির্বিনা প্রচুরং ন ভুঙ্‌ক্তে তত্তস্মান্মম মন্দিরে বো যুষ্মাভিরনেন কৃষ্ণেন সন্ধিঃ সহ ভোজনং সদা ইষ্টা বাঞ্ছনীয়া ॥ ৪ ॥

---

নিমিত্ত যে অন্ন ব্যঞ্জন প্রভৃতি প্রস্তুত করা হইয়াছে তাহা শীতলতা প্রাপ্ত হইতেছে ॥ ২ ॥

জননী যশোদা, স্বপুত্রকে এইরূপে বলিয়া করপল্লব দ্বারা তাহার অঙ্গ মার্জ্জনা করিতে করিতে স্ব স্ব গৃহে গমন করিবার নিমিত্ত উৎকণ্ঠিত কৃষ্ণবয়স্যগণকে স্নেহ ব্যাকুল হৃদয়ে কহিতে লাগিলেন ॥ ৩ ॥

হে বৎসগণ! তোমাদের অনুপস্থিতিতে এই চঞ্চল শ্রীকৃষ্ণ, তোমাদের সহিত সত্বর মিলনার্থ উৎকণ্ঠিত থাকাপ্রযুক্ত প্রচুররূপে ভোজন করে না, অতএব আমার বাসনা এই যে, তোমরা আমার গৃহে অবস্থান পূর্ব্বক শ্রীকৃষ্ণের সহিত একত্র ভোজন কর ॥ ৪ ॥

তদ্যাত স্বগৃহান্ পুত্রাঃ! স্নাত্বা ভূষণভূষিতাঃ।
ক্ষুধার্ত্তাঃ স্থ দ্রুতং ভোক্তুমাগচ্ছত মমালয়ম্ ॥ ৫ ॥
গতেষু তেষু হৃষ্টেষু সরাম-মধুমঙ্গলম্।
সুতমাদায় নিলয়ং* যযৌ ব্রজকুলেশ্বরী ॥ ৬ ॥
তৃষিতদৃগতিশুষ্যচ্চাতকীর্বল্লবীনাং
নিজমধুরিমধারাসারবর্ষৈর্নিষিঞ্চন্।

উক্তার্থং স্পষ্টমাহ, ক্ষুধার্ত্তাঃ যূয়মপি স্ব স্ব গৃহে স্নাত্বা ভূষিতাঃ মমালয়ং ভোক্তুমাগচ্ছত ॥ ৫ ॥

তেষু বালকেষু গতেষু যশোদা রাম-মধুমঙ্গল-সহিতং কৃষ্ণমাদায় স্বগৃহং যযৌ ॥ ৬ ॥

মুকুন্দঃ "ত্রুটি যুগায়তে ত্বামপশ্যতা" মিত্যাদি রীত্যা বল্লবীনাং তৃষিতদৃক্-রূপা অতিশুষ্যচ্চাতকীঃ নিজমধুরিমধারাসম্পাতরূপবর্ষৈঃ নিষিঞ্চন্, তত্তাসাং বল্লবীনাং মুখেন্দুকান্তিরূপমধুরসুধাং নিজনয়নচকোরৌ পায়য়ন্ স্বং গেহমগাৎ।

পুনরায় স্পষ্টরূপে বলিলেন, হে পুত্রগণ! তোমরা ক্ষুধাতুর হইয়াছ, অতএব স্ব স্ব গৃহে গমন পূর্ব্বক স্নানানন্তর ভূষণে ভূষিত হইয়া অবিলম্বে আমার গৃহে ভোজন করিবার নিমিত্ত আগমন করিও ॥ ৫ ॥

কৃষ্ণ-বয়স্যগণ ব্রজেশ্বরীর ঐরূপ বাক্য শ্রবণে পরমানন্দিত হইয়া স্ব স্ব গৃহে গমন করিলেন, এদিকে ব্রজেশ্বরী, বলরাম ও মধুমঙ্গলের সহিত শ্রীকৃষ্ণ লইয়া স্বভবনে গমন করিলেন ॥ ৬ ॥

শ্রীকৃষ্ণ, ব্রজাঙ্গনাগণের তৃষিত নয়নযুগলরূপা অতি শুষ্ক চকোরী সকলকে স্বীয়াঙ্গের মাধুরী ধারা সম্পাতরূপ বর্ষণ দ্বারা সিঞ্চন পূর্ব্বক স্বকীয় নয়নরূপ

* সুতমাদায় স্বগৃহং ইতি পাঠান্তরং ॥

নিজনয়নচকোরৌ পায়য়ংস্তন্মুখেন্দু-
দ্যুতিমধুরসুধাং স্বং গেহমায়ান্মুকুন্দঃ ॥ ৭ ॥
তমাগতং স্নাপনবেদিকান্তরং
ভৃত্যঃ সমুত্তার্য্য বিভূষণং তনোঃ।
সুকুঞ্চিতং চীননবীনমংশুকং
সারঙ্গনামা লঘু পর্য্যধাপয়ৎ ॥ ৮ ॥
তত্রোপবিষ্টস্য সুখং বরাসনে
প্রক্ষাল্য পত্রী চরণাম্বুজে,প্রভোঃ* ।

---

"ধারাসম্পাতআসার" ইত্যমরকোষাৎ। ধারাসারবর্ষৈরিত্যত্র ধন্বীজে্যতিবদ-পুনরুক্তিঃ ॥ ৭ ॥

সারঙ্গনামা ভৃত্যঃ স্নানবেদিকান্তরং মধ্যমাগতং তং দৃষ্ট্বা তস্য তনোঃ শরীরাৎ বিভূষণমুত্তার্য্য নবীনশ্লক্ষ্মসুকুঞ্চিতং বসনং লঘু ক্ষিপ্রং ক্ষুদ্রং বা পর্য্যধাপয়ৎ ॥ ৮ ॥

পত্রীনামা ভৃত্যঃ তত্র. স্নানবেদিকায়াং বরাসনে সুখমুপবিষ্টস্য প্রভোঃ

---

চকোর যুগলকে তাহাদের মুখচন্দ্র-কান্তি সুধাপান করাইতে করাইতে স্বভবনে গমন করিলেন ॥ ৭ ॥

তৎপর কৃষ্ণকে স্নানবেদিকা সমীপে উপস্থিত হইতে দেখিয়া সারঙ্গ নামক ভৃত্য তাঁহার অঙ্গের আভরণ সকল উন্মোচন করিয়া তাঁহাকে সুকুঞ্চিত সূক্ষ্ম নবীন ও ক্ষুদ্র অর্থাৎ স্নানোপযোগি বসন পরিধান করাইয়া দিল ॥ ৮ ॥

পরে তিনি স্নানবেদিকাতে উৎকৃষ্ট আসনে সুখে উপবেশন করিলে, পত্রী নামক একজন ভৃত্য পত্রক নামক ভৃত্যের হস্তস্থিত উজ্জল স্বর্ণভৃঙ্গার হইতে

---

* বিভোঃ ! ইতি পাঠান্তরং।

গন্ধাম্ভসা পত্রকপাণিবিস্ফুর-
দ্ভৃঙ্গারমুক্তেন মমার্জ্জ বাসসা ॥ ৯ ॥
অভ্যজ্য নারায়ণতৈলপূরৈঃ
প্রত্যঙ্গনানামৃদুবন্ধপূর্ব্বম্ ।
সুবন্ধনামা ক্ষুরিসূনুরস্য
প্রেম্নাঙ্গসম্মর্দ্দনমাততান ॥ ১০ ॥
উদ্বর্ত্তনেনাস্য মৃদা সুগন্ধঃ
শীতেন পীতেন সদা সুশীতম্ ।
স্নিগ্ধেন মুগ্ধো নবনীতপিণ্ডা-
দুদ্বর্ত্তয়ামাস শনৈস্তদঙ্গম্ ॥ ১১ ॥

---

চরণাম্বুজে পত্রকনামা ভৃত্যস্তস্য পাণৌ বিস্ফুরদ্ভৃঙ্গারাৎ জলাধারাৎ মুক্তেন গন্ধাম্ভসা প্রক্ষাল্য বাসসা মমার্জ্জ ॥ ৯ ॥

সুবন্ধনামা ক্ষুরিসূনুর্নাপিতপুত্রঃ নারায়ণতৈলসমূহৈরস্য শ্রীকৃষ্ণস্য প্রত্যঙ্গমঙ্গমঙ্গং প্রতি নানামৃদুবন্ধপূর্ব্বং নানাবিধতৈলমর্দ্দনপ্রকারপূর্ব্বমভ্যজ্য প্রেম্না অঙ্গস্য মর্দ্দনমাততান ॥ ১০ ॥

মুগ্ধঃ সুন্দরঃ সুগন্ধনামা ভৃত্যঃ নবনীতপিণ্ডাৎ স্নিগ্ধেন কোমলেনচ শীতেন শীতলেন, পীতেন পীতবর্ণেন পীতাখ্যেন বা, উদ্বর্ত্তনেন সতীলপীতেনেতি বা পাঠঃ। তস্য নিসর্গশীতং স্বভাবশীতলং তদঙ্গমুদ্বর্ত্তয়ামাস ॥ ১১ ॥

---

নিপতিত সুগন্ধ বারিধারায় তাঁহার পাদপদ্মদ্বয় প্রক্ষালন পূর্ব্বক বসনদ্বারা মার্জ্জিত করিয়া দিল ॥ ৯ ॥

এবং সুবন্ধ নামক নাপিত পুত্র নারায়ণতৈল সমূহে শ্রীকৃষ্ণের প্রত্যঙ্গ, নানাবিধ তৈল মর্দ্দন প্রকার পূর্ব্বক অভ্যঞ্জন করিয়া স্নেহার্দ্রচিত্তে অঙ্গমর্দ্দন করিয়া দিল ॥ ১০ ॥

পরম সুন্দর সুগন্ধ নামক অপর একজন ভৃত্য নবনীত পিণ্ড অপেক্ষাও

ধাত্রীফলার্দ্রকল্কেন কেশান্ শীতসুগন্ধিনা।
স্নিগ্ধঃ স্নিগ্ধেন সুস্নিগ্ধান্ কর্পূরোঽপি সমস্করোৎ ॥ ১২ ॥

প্রক্ষালয়ন্ শীতলবারিধারয়া
শনৈস্তদঙ্গানি পয়োদদত্তয়া।
স্বভাবশীতোজ্জ্বলকোমলান্যলং
চীনাংশুকেনাত্র মমার্জ্জ রক্তকঃ ॥ ১৩ ॥

মন্দপক্বপরিবাসিতকুম্ভ-
শ্রেণিসম্ভৃতজলৈরথ দাসাঃ।

---

স্নিগ্ধঃ স্নিগ্ধনামা কর্পূরঃ কর্পূরনামা চ ভৃত্যঃ স্নিগ্ধেন (ভাবে ক্তঃ) স্নেহেন শীতসুগন্ধিনা ধাত্রীফলার্দ্রকল্কেন স্নিগ্ধান্ কেশান্ সমস্করোৎ ॥ ১২ ॥

রক্তকঃ অত্র সময়ে বেদিকায়াম্বা পয়োদনাম্না দত্তয়া শীতলবারিধারয়া স্বভাবত এব শীতলোজ্জ্বলকোমলানি তদঙ্গানি প্রক্ষালয়ন্ চীনাংশুকেন শ্লক্ষ্ণবস্ত্রেণ মমার্জ ॥ ১৩ ॥

অথানন্তরং দাসাঃ আদৌ মন্দ পক্বাসু পশ্চাৎ পরিবাসিতসুকুম্ভশ্রেণিষু

---

স্নিগ্ধ সুশীতল পীতবর্ণ কোমল উদ্বর্ত্তন দ্বারা তাঁহার অঙ্গ উদ্বর্ত্তিত করিয়া দিল ॥ ১১ ॥

স্নিগ্ধ নামক ও কর্পূর নামক ভৃত্যদ্বয় স্নিগ্ধ ও সুশীতল সুগন্ধি আমলক পঙ্ক দ্বারা তাঁহার সুস্নিগ্ধ কেশপাশের সংস্কার করিতে লাগিল ॥ ১২ ॥

তখন রক্তক নামক ভৃত্য, পয়োদ নামক ভৃত্যপ্রদত্ত শীতল বারিধারায় তাঁহার স্বভাবতঃ শীতল ও উজ্জ্বল অঙ্গ সকল প্রক্ষালন পূর্ব্বক সূক্ষ্ম বস্ত্রদ্বারা মার্জ্জনা করিতে লাগিল ॥ ১৩ ॥

অনন্তর অন্যান্য দাসগণ ঈষদুষ্ণ সুবাসিত কুম্ভ শ্রেণীতে রক্ষিত ও স্বর্ণ-

ততঃ সকম্পাধরং কুটিলং মামবলোকয়ন্তীমিন্দুলেখামালোক্য স্ময়মানা তুঙ্গবিদ্যা প্রাহ,—নাগর! রঙ্গদেবীয়ং যথার্থনাম্নী তদস্যা মৌক্তিকপণঃ(১) প্রণীয়তাং॥

ততোঽহং—সখি রঙ্গদেবি! রাসমধ্যে তব লাস্যবিলাসোল্লাসঃ সন্ততমালোকিতোঽস্তি; তদধুনা নিকুঞ্জমন্দিরাঙ্গনে রহসি তদ্বিশেষমনুভবিতুমভিলষামি, তদেহি স্ববক্ষোজকনককুম্ভৌ মদুরসি তথা নর্ত্তয় যথাহমানন্দিতঃ সকলবল্লবীসমুদয়সর্ব্বস্বভূতমৎস্বাধরপীযূষমহাপ্রসাদদানেন ত্বামানন্দয়ামীতি॥

তচ্ছ্রুত্বা "অপৈহি ভণ্ডশেখর! অপৈহী"ত্যুক্ত্বা কুটিলং মাম-

অনন্তর ইন্দুলেখাকে সকম্পাধরে ও কুটিলকটাক্ষে আমার প্রতি অবলোকন করিতে দেখিয়া তুঙ্গবিদ্যা হাস্য করিতে ২ কহিতে লাগিল হে নাগর! এই রঙ্গদেবী যথার্থনাম্নী অতএব ইহার মৌক্তিকমূল্য নির্দ্ধারণ কর।

অনন্তর আমি কহিলাম—সখি রঙ্গদেবি! ইতিপূর্ব্বে রাসমণ্ডলীতে নিরন্তর তোমার নৃত্যচাতুর্য্যের উল্লাস দর্শন করিয়াছিলাম। এক্ষণ এই নিভৃত নিকুঞ্জমন্দিরাঙ্গনে সেই নৃত্যবিশেষের অনুভব করিতে অভিলাষ করিতেছি। অতএব মদন্তিকে আগমন কর এবং স্বীয় বক্ষোজাত কনককুম্ভদ্বয় আমার বক্ষঃস্থলে সেইরূপে নর্ত্তন করাও যেন আমি আনন্দিত হইয়া সকল গোপীগণের নিখিল ধনস্বরূপ মদীয় স্বাধরামৃত মহাপ্রসাদ সমর্পণ করিয়া তোমাকে পরমানন্দিত করিতে পারি।

তখন রঙ্গদেবী আমার ঐ কথা শ্রবণ করিয়া ওরে ভণ্ডশেখর! দূর হও

১। মূল্যং।

বলোক্য বিশাখা-পৃষ্ঠান্তরিতায়াং রঙ্গদেব্যাং সুদেবী সুস্মিত-মাহ,—রসিকশেখর! বল্লবীকুলভুক্তমুক্তসুজুষ্টমহাপ্রসাদাস্বাদনেনেয়ং(১) ত্বরিতমেব সিদ্ধিমাসাদয়ন্তী স্ফুটমস্মানপি সিদ্ধার্থাঃ কৃতবত্যেব।

সুবলঃ—বয়স্য! সুদেবী স্ব-মৌক্তিকমূল্যং শ্রোতুকামা শ্রীমদ্ভবন্মুখমীক্ষমাণেয়মুৎকণ্ঠতে॥

ততোহহং—সখে! সুবল! সুদেবীয়মক্ষকেলিদক্ষেতি প্রসিদ্ধা তচ্ছপথমেব দদদস্মি(২) কেনাপি কস্যাপি পক্ষো ন গ্রাহ্যঃ, আবামেব স্ববুদ্ধিবলেন খেলিষ্যাবঃ, তত্র যদ্যহমনয়া সুষ্ঠু জীয়েয়ং

---

দূর হও বলিয়া কুটিল নয়নে আমার প্রতি দৃষ্টিপাত পূর্ব্বক বিশাখার পৃষ্ঠদেশে গমন করিয়া লুক্কায়িত হইলে সুদেবী সহাস্যে কহিল—হে রসিক শেখর! প্রথমতঃ গোপীজন কর্ত্তৃক ভুক্ত, পশ্চাৎ ত্যক্ত ও সুসেবিত মহাপ্রসাদ আস্বাদন দ্বারা এই রঙ্গদেবী অবিলম্বে সিদ্ধা হইয়া আমাদিগকেও নিশ্চয় সিদ্ধা করিবে ইহা স্পষ্টই অনুভব হইতেছে।

তখন সুবল আমাকে কহিল—বয়স্য! এই সুদেবী নিজের মুক্তার মূল্য শুনিবার নিমিত্ত উৎকণ্ঠিতা হইয়া তোমার শ্রীমুখের প্রতি নেত্রপাত করিয়া রহিয়াছে।

অনন্তর আমি সুবলকে বলিলাম,—সখে সুবল! এই সুদেবী অক্ষক্রীড়া বিষয়ে বিশেষ নিপুণা বলিয়া প্রসিদ্ধা আছে সেই হেতু শপথ প্রদান করিতেছি যে, কেহ কাহার পক্ষ সমর্থন করিবেনা। আমরাই দুই জনে স্বীয় প্রজ্ঞাবলে খেলা করিব তাহাতে যদি আমি ইহা কর্ত্তৃক সুন্দররূপে পরাজিত হই, তবে

---

১। মহাপ্রসাদাস্বাদনেনেয়ং ইতি পাঠান্তরং। ইয়ং রঙ্গদেবী।
২। দদামি ইতি পাঠান্তরং।

তর্হি বামেন বক্ষোজেন মদ্বক্ষসি মামাপীড্য মম সর্ব্বস্বভূতমধরং দ্বিঃ পিবতু; যদি বা ময়েয়ং জীয়তে, তদা স্বদক্ষিণকঠিনবক্ষোজং মদ্দক্ষিণকরেণ নিকামং পীড়য়িত্বা দ্বিঃ স্বাধরামৃতমাপায়য়ত্বিতি।

ততঃ সা(১)ভ্রূভঙ্গেন মামবলোকয়ন্তী সাসূয়ং(২) বিশাখামাহ,--অয়ি বিশাখে! সর্ব্বকালমেব নর্ম্মস্বর্ণবিক্রয্যসৌ মহাজনঃ; সাম্প্রতমেব মুক্তামণিব্যাপারমারভ্য ততো বৃদ্ধিমলভমানঃ পুনঃ স্ববৃত্তিমেবারব্ধবানস্তি। ততঃ পরার্দ্ধদ্বিগুণ-

---

তবে ইনি স্বীয় বামকুচ, মদীয়বক্ষে সংস্থাপন করিয়া তদ্দ্বারা আমাকে আপীড়ন পূর্ব্বক আমার সর্ব্বস্ব স্বরূপ মদীয় অধর, দুই বার পান করিবে। আর যদিবা আমিই ইহাকে পরাজয় করিতে পারি তাহা হইলে ইনি আমার দক্ষিণ কর দ্বারা দক্ষিণস্থ স্বীয় কঠিন কুচ, স্বেচ্ছামত মর্দ্দন করাইয়া পরে দুইবার নিজের অধরামৃত পান করাইবে।

অনন্তর অর্থাৎ এইরূপে অক্ষক্রীড়ার পণ নিশ্চিত হইলে সেই সুদেবী ভ্রূভঙ্গ সহকারে মৎপ্রতি অবলোকন পূর্ব্বক অসূয়ার সহিত বিশাখাকে বলিল অয়ি বিশাখে! চিরকালই এই মহাজন পরিহাসরূপ স্বর্ণবিক্রয়ী অর্থাৎ ইনি পরিহাস রূপ সোনার ব্যাপারী ছিলেন পরন্তু উপস্থিত সময়েও মুক্তামণির ব্যবসায় আরম্ভ করিয়া তাহাতে বৃদ্ধি অর্থাৎ বেপার (লাভ) না হওয়ায় পুনর্ব্বার স্ববৃত্তি অর্থাৎ স্বব্যাপার আরম্ভ করিয়াছেন অতএব তোমরা দ্বি পরার্দ্ধ পঞ্চবাণ

---

১। সুদেবী।

২। সাক্ষেপং ইতি পাঠান্তরং।

পঞ্চবাণললিতাং কাঞ্চনমুদ্রাততিমিতঃ প্রকামমূল্যেন(১)। প্রগৃহ্য তয়ৈব (২) মুক্তাফলান্যস্মা(৩)দানয়স্ত ভবত্যঃ। ময়া তু গৃহায় গম্যতে।

ইতি চলিতুমুদ্যতাঞ্চলে গৃহীত্বানঙ্গমঞ্জর্য্যা নিবর্ত্তিতা সক্রোধমিব সাকূতং পুনরাহ,—কেলিলম্পট! নিকামমঙ্ক-কেলিনিপুণেয়মনঙ্গমঞ্জরী ত্বয়া সহ দীব্যন্তী তে গর্ব্বপর্ব্বতং খর্ব্বয়িষ্যতি॥

রূপ ললিত কাঞ্চন মুদ্রা সমূহ* ইহা হইতে যথেপ্সিত মূল্যে গ্রহণ করিয়া তদ্দ্বারা অর্থাৎ সেই কাঞ্চনমুদ্রা সমূহ দ্বারাই মুক্তাফল সকল ইহা হইতে আনয়ন কর-পরন্তু আমি গৃহে চলিলাম।

এই বলিয়া গৃহ গমনোদ্যতা সুদেবীর অঞ্চল ধারণ করিয়া অনঙ্গমঞ্জরী তাহার গমনে বাধা প্রদান করিলে সেই সুদেবী যেন সক্রোধে স্বমনোগত ভাবের সহিত পুনর্ব্বার আমাকে বলিল,—ভোঃ কেলিলম্পট! অনঙ্গমঞ্জরী অঙ্কক্রীড়া বিষয়ে সাতিশয় নিপুণা অতএব ইনি তোমার সহিত অঙ্কক্রীড়া করিয়া তোমার গর্ব্বরূপ পর্ব্বত খর্ব্ব করিবেন।

১। যথেষ্টমূল্যেন। ২। কাঞ্চনমুদ্রাততা।

৩। মুক্তাফলান্যস্মাদেবানয়স্ত ইতি পাঠান্তরং। অস্মাৎ কুঞ্জাদিত্যর্থঃ।

* পঞ্চবাণ—স্বর্ণ শ্লেষে সম্মোহন, উন্মাদন, শোষণ, তাপন, স্তম্ভন এই কামবাণ। ললিত—বাঞ্ছিত, শ্লেষে স্ত্রীগণের শৃঙ্গার ভাব জন্য ক্রিয়া বিশেষ, তাদৃশ কাঞ্চন মুদ্রা অর্থাৎ সোনার টাকা পয়সা সমূহ।

ততস্তদ্বচনমাধুর্য্যমবধার্য্য ময়োক্তং,—অস্যা(১)স্ত্ববলায়াস্তৎকেলিষু(২) কা শক্তিঃ। কিন্তু মদ্বক্ষোহরিদ্‌গ্রাব(৩)-হরিতালীয়রেখিকায়াঃ রাধিকায়াঃ প্রাণসহোদরেয়ং ময্যতীব স্নিহ্যতি(৪) মম চ মানসমধুকরঃ পরমস্যা(৫)মনবরতমনুরজ্যতি। অতঃ সমুচিতপণ(৬)মন্তরাপি(৭) সুভারাণি সুবৃত্তানি(৮) বহূনি মৌক্তিকান্যপ্যস্যৈ বিতরিষ্যামি। পরঞ্চ নির্জ্জননিকুঞ্জবেদিকায়াং স্মরপঞ্জরাক্ষরাণ্যস্যাঃ পঞ্চাশদঙ্গপ্রত্যঙ্গেষু স্বহস্তেন বিন্যস্য স্বাঙ্গং স্বাঙ্গেনালিঙ্গ্য মন্ত্রেণৈনাং(৯) ব্যাপয্য(১০) তথা সিদ্ধমন্ত্রমেক-

---

অনন্তর সেই বচন মাধুরী শ্রবণ করিয়া আমি কহিলাম—এই অবলা অনঙ্গ মঞ্জরীর অঙ্কক্রীড়ায় কি সমর্থ আছে? কিন্তু মদীয়বক্ষরূপ হরিদগ্রাব* হরি-তালীয়রেখা † স্বরূপা শ্রীরাধিকার প্রাণ সহোদরা এই অনঙ্গমঞ্জরী আমাতে অত্যন্ত স্নেহযুক্তা এবং আমার মানসভৃঙ্গও কেবল ইহাতে অবিরত অনুরাগ করিয়া থাকে অত এব সমুচিত মূল্য ব্যতিরেকেও অনঙ্গমঞ্জরীকে বর্ত্তুল ও সুস্থূল মৌক্তিকসমূহ বিতরণ করিব পরন্তু নির্জন নিকুঞ্জ বেদিকাতে স্মরপঞ্জরাক্ষর ‡ সমূহ, ইহার হৃদয়াদি পঞ্চাশৎ অঙ্গ প্রত্যঙ্গে স্বহস্তবিন্যাস, স্বীয়াঙ্গ দ্বারা তদঙ্গ আলিঙ্গন ও মন্ত্রদ্বারা ব্যাপক ন্যাস করিয়া এমত একটি সিদ্ধমন্ত্র উপদেশ

---

১। অনঙ্গমঞ্জর্য্যাঃ।

২। অঙ্ককেলিষু। ৩। ইন্দ্রনীলমণি।

৪। স্নেহযুক্তা। ৫। অনঙ্গমঞ্জর্য্যাং।

৬। মূল্যং। ৭। বিনাপি।

৮। উত্তমবর্ত্তুলানি। ৯। সাঙ্গমন্ত্রেণৈনাং ইতি পাঠান্তরং।

১০। ব্যাপকন্যাসং কৃত্বা।

---

* হরিদ্বর্ণের প্রস্তরে। † স্বর্ণরেখা। ‡ অনঙ্গের অবয়বরূপ অক্ষর।

মুপদিশামি যথা তদ্‌গ্রহণমাত্রাদনঙ্গং সাঙ্গং(১) বিরচয্য সন্তুষ্টেন তেন(২) প্রসাদীকৃত(৩)স্বসর্ব্বস্বস্বরূপবিলাসরত্নানি মন্ত্রগুরৌ ময়ি দক্ষিণাত্বেন সবিনয়মুপঢৌকয়তি, ততঃ সুপ্রসন্নেন ময়া তাদৃগাশীঃশতমাধাস্যতে যেন(৪) "বিষমশরবিলাসাচার্য্যে"তি পদবীমাসাদ্য দ্বিগুণং মামেব ভক্ত্যা পরিচরতি ॥

ইতি মদ্ভাষিতকুসুমস্তবকং শ্রবণাবতংসীকৃত্য সকম্পাধরং মামীষদবলোকয়ন্তী(৫) স্মিতসুভগবদনাভিরাভিঃ স্নেহেনোৎফুল্লতয়া তদগ্রজয়া(৬) চ সস্মিতং সস্নেহঞ্চ নিরীক্ষ্যমাণা(৭) তুলসীরঙ্গণমালিকয়োরুপপৃষ্ঠ(৮)মন্তর্হিতাসীৎ ॥

---

করিব। যেন সে মন্ত্রগ্রহণ করিবামাত্র অনঙ্গ সঙ্গ সমাপনান্তে সেই অনঙ্গ সন্তুষ্ট হইয়া প্রসন্নীকৃত স্ব সর্ব্বস্ব স্বরূপ বিলাস রত্নচয়, মন্ত্রগুরু আমাকে দক্ষিণা স্বরূপে সবিনয়ে উপহার প্রদান করিবে। অনন্তর আমি সুপ্রসন্ন হইয়া এমত আশীর্ব্বাদ শত প্রদান করিব, যে আশীর্ব্বাদে "বিষমশর বিলাসের আচার্য্য" এই পদবী লাভকরিয়া ভক্তিপূর্ব্বক আমাকে দ্বিগুণ সেবা করিবে।

এই মৎকথিত বাক্য রূপ কুসুমস্তবক, কর্ণ ভূষণ করিয়া সকম্পাধরে আমার প্রতি ঈষৎ অবলোকন পূর্ব্বক তুলসী ও রঙ্গণমালিকার পৃষ্ঠ সমীপে অন্তর্হিত হইল, তাহা দেখিয়া সুভগবদনা গোপীগণ স্নেহোৎফুল্ল নয়নে হাঁসিতে লাগিল। এবং তাহার অগ্রজা শ্রীরাধা সস্মিতবদনে ও সস্নেহে দেখিতে লাগিল।

---

১। তদ্‌গ্রহণমাত্রাদনঙ্গসঙ্গং ইতি পাঠান্তরং।

২। অনঙ্গোদয়েন।

৩। প্রসন্ন। ৪। আশীঃশতেন।

৫। মামীষদালোক্য ইতি পাঠান্তরং।

৬। রাধয়া। ৭। অনঙ্গমঞ্জরী।

৮। পৃষ্ঠসমীপে।

সত্যভামা স্মিত্বা—প্রাণনাথ! ততস্ততঃ?

কৃষ্ণঃ—তদানীমেব মল্লীভৃঙ্গীভ্যামানীয় দত্তং লেখদ্বয়ং, সর্ব্বাভিঃ সমমেব বাচয়িত্বা পরমোৎফুল্লা ললিতা তয়োরেকং লেখং সুবল-হস্তে সমর্পিতবতী॥

ততোঽহং—ললিতে! কস্যায়ং লেখঃ?

ললিতা স্মিত্বা—লেখ এব কথয়িষ্যতি॥

ততঃ (তত্র) সুবলে লেখমুদ্ঘাট্য লঘু লঘু বাচয়তি সতি

নান্দীমুখী—সুবল! স্ফুটমেব বাচয়॥

সুবলঃ স্মিত্বা—সখে! অপূর্ব্বপত্রীয়মবধার্য্যতাং(১)॥

অহং,—সখে! বাচয় মমাপি মহতী শুশ্রূষা(২) বর্ত্ততে॥

---

সত্যভামাদেবী সহাস্যে কহিলেন,—প্রাণনাথ! তার পর, তার পর?

শ্রীকৃষ্ণ কহিলেন,—সেই সময়ে মল্লী ও ভৃঙ্গী দুইখানা পত্রিকা আনয়ন করিয়া সর্ব্বাগ্রে প্রদান করিল। পরমোৎফুল্লচিত্তে ললিতা সকলের সহিত মিলিত হইয়া ঐ পত্রিকাদ্বয় পাঠ করিয়া তন্মধ্যে একখানা পত্রিকা সুবলের হস্তে সমর্পণ করিল।

অনন্তর আমি কহিলাম,—ললিতে! এই লিপিকা কাহার?

ললিতা হাঁসিতে হাঁসিতে বলিল লিপিকাই বলিবে (অর্থাৎ লিপি দেখিলেই জানিতে পারিবে।

তখন সুবল, পত্রিকা উদ্ঘাটন পূর্ব্বক লঘু লঘু স্বরে পড়িতে লাগিলে

নান্দীমুখী বলিলেন,—সুবল? স্পষ্ট করিয়া বল।

সুবল হাস্য করিয়া বলিল,—সখে! এই অপূর্ব্ব পত্র শ্রবণ কর।

আমি বলিলাম,—সখে! বল, আমারও ইহা শ্রবণে অত্যন্ত বাসনা হইয়াছে।

---

১। শ্রূয়তাং। ২। শ্রোতুমিচ্ছা।

সুবলঃ—স্বস্তিসমস্তসম্মুখ(১)সর্ব্বোপমাযোগ্যবন্ধপ্রবন্ধসদ্‌গুণপ্রকরপরিবৃতেষু শ্রীসুবলাভিধানপ্রিয়নর্ম্মসখমহানুভাবেষু, যাবটাভিধগ্রামতো রাধায়াঃ—প্রণয়ভরপীযূষপরিপূরিতাক্ষরপ্রকরসুমিষ্টপিষ্টকপরিবেষণহিরণ্ময়ভাজনরূপোঽয়ং স্বস্তিমুখঃ(২),—

ভবৎপ্রাণবন্ধুপদ্মানাং ভবাদৃশাঞ্চ মঙ্গলকুলমনবরতবিরাজমানমপি ব্রজমণ্ডলে শশ্বন্নিতরাং বিরাজতাং॥ কার্য্যমিদমন্যদপি অবধেহি(৩)প্রিয়জনসকাশাৎ করগ্রহণমনুচিতমিতি বহুতরমপি করদ্রব্যমপহায়ৈব এতাবদ্দিনং কিমপি নোক্তমাসীৎ ; সম্প্রতি মৌক্তিকব্যয়েন ক্ষুভ্যদ্‌গুরুজন-

---

সুবল,—নিখিল সাধুগণের সর্ব্বোপমা যোগ্য বন্ধ প্রবন্ধের সদ্‌গুণসমূহে পরিবৃত শ্রীসুবলনামক মহানুভবময় প্রিয় নর্ম্মসখা সমীপে, যাবটাখ্য গ্রাম হইতে রাধার প্রণয়রূপ পীযূষে পরিপূরিত অক্ষররূপ সুমিষ্ট পিষ্টক পরিবেশনের সুবর্ণ পাত্র স্বরূপ এই পত্রিকা জানিবে,—

আপনার প্রাণবন্ধু পাদপদ্মের ও ভবাদৃশ জনের ব্রজমণ্ডলে সর্ব্বদা সমস্ত মঙ্গল বিরাজমান থাকিলেও অবশ্য তাহা নিত্য বিরাজ করুক। অপর এই কার্য্য অবধান করুন, প্রিয়জনের নিকট হইতে করগ্রহণ করা অনুচিত বলিয়া বহুতর কর দ্রব্য পরিত্যাগ করিয়াও এত দিন কিছুই বলা হয় নাই এক্ষণ যে সকল মুক্তা আমাদিগের কর্ত্তৃক রোপিত হইয়াছিল সেই সমস্ত মৌক্তিকের অপচয় নিবন্ধন গুরুজন

---

১। সাধু।

২। লেখঃ।

৩। অবধানং কুরু।

দীয়মাননহানুযোগনিচয়েন ক্ষণমপি নির্ব্বৃতিলবমলভমানয়া যৎকিঞ্চিন্ময়া বিজ্ঞাপ্যমানমস্তি তদগুণমবিগণয্য মদ্বৃন্দাবনজনপদে যমুনোপকণ্ঠক্ষেদারিকায়াং ভবৎপ্রাণবন্ধুনা সম্প্রতি ক্ষেত্রাজীবতামাশ্রয়তা(১) কৃতমৌক্তিককৃষের্ললিতয়া সহ লেখপ্রতিলেখমাচর্য্য সমুচিতকরদ্রব্যমিহ ত্বরিতমেব প্রহিত্য দীয়তাং ; যথা দ্রব্যেণৈব মথুরাতো মৌক্তিকান্যানায্য গুরুভ্যঃ প্রদায় কদনসাগরাদস্মাদুত্তরামঃ। অথবা বহুমূল্যমৌক্তিকোৎপত্তিভূমেঃ করস্যাপ্যতিবাহুল্যাদেতদ্দ্রব্যপ্রদানে যদি ভবাদৃশামশক্তিঃ স্যাত্তর্হি পঞ্চভির্ম্মিলিত্বা সমুচিতমূল্যং নির্ণীয় এতদ্দ্রব্যপরিবর্ত্তনেন মৌক্তিকানি ললিতা-হস্তে দেয়ানীতি কিং বহুনা পরমাভিজ্ঞবরেষ্বিতি ॥

---

ক্ষুভিত হইয়া বরই অনুযোগ দিয়া থাকেন তজ্জন্য ক্ষণকালও শান্তিলাভ করিতে না পারিয়া আমি যে কিছু বিজ্ঞাপন করিতেছি তাহার দোষ গণনা না করিয়া আমার বৃন্দাবন গ্রামমধ্যে যমুনানিকটস্থ ক্ষেত্রে ভবদীয় প্রাণবন্ধু কৃষ্ণ সম্প্রতি ক্ষেত্র জীবিকা অবলম্বন করিয়া মৌক্তিকের কৃষি করিয়াছেন অতএব ললিতার সহিত লেখ ও প্রতিলেখ অর্থাৎ পত্রে পত্রে লেখালেখি করিয়া মদীয় স্থানের সমুচিত করদ্রব্য নির্দ্ধারণ পূর্ব্বক অবিলম্বে আমার সমক্ষে আনয়ন করিয়া প্রদান কর। সেই করদ্রব্য দ্বারা মথুরা হইতে মৌক্তিক সমূহ আনয়ন পূর্ব্বক গুরুজনকে প্রদান করিয়া এই দুঃখসাগর হইতে উত্তীর্ণ হই। কিম্বা বহুমূল্যবতী মৌক্তিক উৎপত্তির ভূমির করও অতিবাহুল্য বশতঃ এই করদ্রব্য প্রদানে যদি তোমাদের সমর্থ না হয় তাহা হইলে পাঁচ জনে মিলিয়া সমুচিত মূল্য নিশ্চয় করিয়া এই দ্রব্যের পরিবর্ত্তে মৌক্তিক সকল

---

১। ক্ষেত্রাজীব্যমাশ্রয়তা ইতি পাঠান্তরং।

এতন্নিশম্য পরমানন্দপূর্ণেনাপি ময়া সাকূতমুক্তং,—অয়ি মল্লি! ভৃঙ্গি! ভবদীশ্বরী সুখং বর্ত্ততে?

মল্লী-ভৃঙ্গ্যৌ,—শ্রীমন্নাথচরণ-শুভানুধ্যানেন।

ততস্তন্নিকুঞ্জদিশং তির্য্যগবলোকয়ন্নহং কুত্র বর্ত্ততে সা?

তে(১) যাবটাভিধগ্রামে॥

অহং,—কিং কুর্ব্বতী তিষ্ঠতি?

তে(২) ললিতাদেবীপ্রভৃতীনাং বর্ত্মদিশমবলোকয়ন্তী বৃন্দাবনরাজ্য-সার্ব্বভৌমকামমুৎকণ্ঠিতেব বিরাজমানা বর্ত্ততে॥

---

ললিতার হস্তে সমর্পণ করিবে, পরমাভিজ্ঞ বর তোমার নিকট অধিক আর কি লিখিব ইতি।

ইহাশ্রবণ করিয়া আমি পরমানন্দ পূর্ণ হইয়া মদীয় মনোগত ভাব ব্যক্ত করিয়া বলিলাম,—অয়ি মল্লি! অয়ি ভৃঙ্গি! তোমাদিগের ঈশ্বরী সুখে আছেন ত?

মল্লীভৃঙ্গী কহিল,—শ্রীমন্নাথের চরণের শুভ ধ্যানে সুখেই আছেন।

অনন্তর সেই নিকুঞ্জের দিগে বক্র অবলোকন পূর্ব্বক আমি কহিলাম,—তিনি কোথায় আছেন?

মল্লীভৃঙ্গী বলিল—যাবট নামক গ্রামে॥

আমি কহিলাম—কি করিতেছেন?॥

মল্লীভৃঙ্গী কহিল—ললিতাদেবী প্রভৃতির আগমন পথের প্রতি দৃষ্টিপাত করিয়া বৃন্দাবন রাজ্যের সার্ব্বভৌম কামনায় উৎকণ্ঠিতা হইয়াই বিরাজ করিতেছেন॥

---

১। মল্লীভৃঙ্গ্যৌ। ২। উভে।

ততোহহং—সখে! সুবল! মন্যে কুটিলয়া ললিতয়ৈব কস্যচিদ্দ্বারা(১) লেখয়িত্বা লেখোহয়ং বিতীর্ণোঽস্তি।

সুবলঃ,—ন হি ন হি; রাধায়া এব স্বহস্তলিখিতবর্ণানাং বিন্যাসোহয়ং॥

ততোহহং—সখে! তত্তাবদিমং(২) দর্শয়েতি তদ্ধস্তাদাকৃষ্য লেখমালোক্য সচমৎকারমাত্মগতং,—অহো! অক্ষরাণাং পঙ্‌ক্তিবিস্তৃতিরিয়ং মন্নেত্রয়োঃ পীযূষবর্ত্তিকেব(৩) প্রতিভাতীত্যানন্দজনিতপুলকান্ বিস্ময়সঞ্চারিভাবৈনৈব কৃতানিতি ভঙ্গ্যা বিখ্যাপ্য প্রকাশং বিহস্য আশ্চর্য্যমাশ্চর্য্যং আকাশকুসুমমিব ধূর্ত্তাভিরেতাভিঃ কিমপ্যন্যদকস্মাদেব সমুত্থাপিতং॥

---

অনন্তর তাহা শুনিয়া আমি বলিলাম সখে সুবল! আমার বোধ হয় কুটিলা ললিতাই কাহারও দ্বারা লেখাইয়া এই পত্রিকা প্রদান করিয়াছে॥

সুবল—তাহা নয়, তাহা নয় ইহা রাধারই স্বহস্ত লিখিত বর্ণ বিন্যাস।

তৎপর আমি কহিলাম—সখে! "তাহা হইলে আমাকে সেই চিঠিখানা দেখাও" এই বলিয়া সুবলের হস্ত হইতে আকর্ষণপূর্ব্বক সেই চিঠি দর্শন করিয়া আশ্চর্য্যান্বিত হইয়া স্বগত ভাবিতে লাগিলাম,—আহা! এই অক্ষরচয়ের পংক্তি বিস্তার আমার নেত্রযুগলের অমৃতপ্রায় আলোর মত প্রকাশ পাইতেছে তজ্জন্য ভঙ্গীক্রমে বিস্ময় সঞ্চারাদি ভাব দ্বারা আনন্দজনিত পুলক প্রদর্শন করাইয়া প্রকাশ্যে হাস্য করিয়া কহিলাম, কি আশ্চর্য্য! কি আশ্চর্য্য! আকাশ কুসুমের মত এই ধূর্ত্তাগণ অকস্মাৎ কি অন্য ব্যাপার উত্থাপন করিয়াছে।

---

১। কস্যাশ্চিদ্দ্বারা ইতি পাঠান্তরং।
২। লিখনং। ৩। প্রদীপ।

মধুমঙ্গলঃ,—বয়স্য! বিকটকুটিনাটিকপটনাটিকাতাণ্ডবো-দ্ভটনটাচার্য্যমহানটীমিমাং তদদ্বিতীয়াং দুর্ললিতাং ললিতাং বাগ্বিলাসাভাসমাত্রেণৈব পরাজিত্য অবতিষ্ঠ, তে ধ্রিয়তে যাবদেকোঽপি রিপুস্তাবৎ কুতঃ সুখমিত্যাদিসংস্মৃত্য সর্ব্বা-সামস্মদ্বৃন্দাবনরাজ্যকাঙ্ক্ষিণীনাং ধূর্ত্তানাং ততিমিমামিতো বৃন্দাবনাৎ ঝটিতি বিদ্রাবয়। ততো নিষ্কণ্টকরাজ্যে মধু-রাণি রসবন্তি ফলান্যুপভুজ্য সুখেনৈবাহং নৃত্যন্নিব বসামি।

ততো ময়োক্তং,—ললিতে! ইয়মস্মদ্বৃন্দাটবী, ভবৎসখ্যা রাজ্যং কুতো জাতং?

---

মধুমঙ্গল কহিল,—বয়স্য! বিকট (ভয়ঙ্কর) কুটি নাটি রূপা নর্ত্তকীর নৃত্যবিষয়ে উৎকৃষ্ট আচার্য্য রূপা মহানটিকা স্বরূপা ও দুর্ললিতা* এই ললিতা সেই রাধা হইতে অভিন্না অতএব ইহাকে বাক্‌বিলাসের আভাসমাত্রেই পরাজয় করিয়া অবস্থান কর আর এই নিশ্চয় জানিও, যে পর্য্যন্ত কোনও এক শত্রু বর্ত্তমান থাকিবে, সেই পর্য্যন্ত সুখ কোথায় অর্থাৎ শত্রু থাকিতে সুখ নাই। ইত্যাদি বাক্য স্মরণ করিয়া আমাদিগের বৃন্দাবন রাজ্য অভিলাষিণী এই সকল ধূর্ত্তাগণকে এই বৃন্দাবন হইতে অবিলম্বে তাড়াইয়া দেও। অনন্তর নিষ্কণ্টক রাজ্যে সুমধুর রসযুক্ত ফলসকল উপভোজ করিয়া আমি পরমসুখে মগ্ন এবং নৃত্যকারীর মত হইয়া অর্থাৎ নৃত্য করিতে এখানে বাস করিব।

অনন্তর আমি কহিলাম—ললিতে! আমাদিগের এই বৃন্দাবন, তোমার সখীর রাজ্য কি করিয়া হইল?

---

* প্রশ্রয়প্রাপ্তা বা দুশ্চেষ্টিত

ললিতা,—পরমকপটিন্! তদ্রাজ্যমহাভিষেকমহোৎসবং সমক্ষমাকলয্যাপি কিমেবং গোপায়সি?

ততোঽহং—ললিতে! সমক্ষদর্শনং তাবদ্দূরেঽস্তু তচ্ছ্রবণমপি জাতমস্তীতি নাহং স্মরামি॥

বিশাখা,—ললিতে! অস্য তাবদ্দূষণং নাস্তি; বল্লবসাধ্বীশতধর্ম্মোল্লঙ্ঘনজনিততমঃপ্রচয়েনান্তর্হিতমস্ত্যস্য চেতস্তৎসংসর্গীচ তাদৃশ ইতি এতদ্বয়স্যয়োরনয়োরপি। তৎকথমেতে স্মরন্তু নাম। তস্মাত্তৎ(১)কথনপীযূষপ্রস্যন্দেন কর্ণবিবরেষু প্রবেশিতেন বাঢ়মমীষাং চেতাংসি কারুণ্যেনাবির্ভাবয় যথৈষাং স্মৃতিঃ সম্পদ্যতে॥

---

ললিতা বলিল,—ভোঃ পরমকপটিন্! শ্রীরাধারাণীর রাজ্যাভিষেক মহোৎসব সাক্ষাৎ দর্শন করিয়াও গোপন করিতেছ কেন?

অনন্তর আমি কহিলাম,—ললিতে! সমক্ষ দর্শন দূরে থাকুক তাহা শ্রবণ পর্য্যন্তও হইয়াছে কিনা তাহাও স্মরণ হইতেছেনা।

বিশাখা কহিল,— ললিতে! ইহার কিছু মাত্রও দোষ নাই পরন্ত শত শত সাধ্বী গোপনারীর ধর্ম্মোল্লঙ্ঘন জন্য পাপ বা অজ্ঞান সমূহ দ্বারা ইহার চিত্ত আবৃত বা তিরোহিত হইয়াছে এবং ইহার সংসর্গীদিগেরও তদ্রূপ হইয়াছে এই হেতু ইহার বয়স্যদ্বয় অর্থাৎ সুবল ও মধুমঙ্গলেরও দোষ নাই অতএব কিরূপে ইহাদের স্মরণ হইবে অতএব সখী রাধারাণীর বাক্য রূপ অমৃতক্ষরণ দ্বারা কর্ণ বিবরে প্রবেশিত করিয়া কৃপা প্রকাশ পূর্ব্বক ইহাদের চিত্তে আবির্ভাব করাও যাহাতে ইহাদিগের স্মরণ হয়।

---

১। রাধায়াঃ।

ততস্তদানীমেবাগতাং সর্ব্বাভিরেবানন্দিতাং বৃন্দামাশ্লিষ্য ললিতা সস্মিতমাহ,—বৃন্দে! ভদ্রাবসরে ত্বং প্রাপ্তাসি, তত্ত্বয়ৈব নির্ব্বর্ণ্যতাং মহোৎসবরঙ্গঃ(১)॥

বৃন্দা সবিনয়ানন্দং,—সখি ললিতে! ত্বন্মুখপদ্মাদ্বিনিষ্যন্দমানতন্মহোৎসবরসমকরন্দমহমপ্যাপাতুমাগতাস্মি তত্ত্বয়ৈব পরিবেষ্যতাং॥

ললিতা সানন্দং,—ভদ্রং সর্ব্বৈরবধায় শ্রূয়তাং,—ঋতুপতিবসন্তসময়ে পৌর্ণমাস্যাং বিশাখানক্ষত্রে ভগবতো হিরণ্যগর্ভস্য গগনবাণ্যা বৃন্দাবনবাসিনো ভগবতঃ শ্রীগোপীশ্বরস্য স্বপ্নকৃতনিদেশেন চ মানসসুরধুনীকালিন্দ্যাদিসরিদ্বরাভিঃ সাবিত্রী-

---

অনন্তর সেই সময়েই সমাগতা এবং গোপীগণ কর্ত্তৃক আনন্দিতা বৃন্দাদেবীকে আলিঙ্গন করিয়া ললিতা সস্মিত বদনে কহিল,—বৃন্দে! ভাল সময়ে তুমি আগমন করিয়াছ, অতএব তুমিই সখী শ্রীরাধারাণীর সেই রাজ্যাভিষেক মহোৎসব রঙ্গ বর্ণন কর।

বৃন্দাদেবী সবিনয়ে আনন্দ সহকারে বলিতে বলিল,—সখি ললিতে! আমি তোমার মুখপদ্ম বিনিঃসৃত সেই মহোৎসব রসের মকরন্দ পান করিতে আসিয়াছি অতএব তুমিই তাহা পরিবেশন কর।

ললিতা আনন্দ সহকারে কহিল—ভাল তাহাই হউক, সকলে সাবধানে শ্রবণ কর। ঋতুরাজ বসন্ত কালে পৌর্ণমাসী তিথিতে বিশাখানক্ষত্রে ভগবান্ হিরণ্যগর্ভের (ব্রহ্মার) আকাশবাণী দ্বারা এবং বৃন্দাবনবাসি ভগবান্ শ্রীগোপীশ্বরের স্বপ্নকৃত আদেশানুসারে মানসগঙ্গা কালিন্দী প্রভৃতি নদীশ্রেষ্ঠা ও সাবিত্রী

---

১। মহোৎসবপ্রসঙ্গঃ ইতি পাঠান্তরং।

সংজ্ঞৈকানংশাপ্রভৃতিদেবীভিশ্চ সমং মুরলী-মহতী-ঝর্ঝরী-(১) মুরজ-দুন্দুভিপ্রভৃতিবাদ্যশব্দকোলাহলেনাকৃষ্টেষু কিন্নরীগন্ধর্ব্বী-কুলেষু সানন্দং গায়ৎসু, অপ্সরোবিদ্যাধরীবর্গেষু নৃত্যৎসু, শচ্যাদিসুরাঙ্গনানিচয়েষু জয়জয়শব্দপূর্ব্বকং পারিজাতাদিকুসুমবৃষ্টিং কুর্ব্বৎসু, বিশাখাদিসহচরীসমুদয়েষু পরিমিলিতপটবাস-সুরাগবন্ধন-নবঘনসারক্ষোদ-(২)মঞ্জুলমৃগমদ-সুললিতকুঙ্কুম-পটীর-দ্রব(৩)বিবিধসুরভিকুসুমকুলানি সুললিতগানপুরঃসরমিতস্ততো বিকিরৎসু, ভূসুররমণীবৃন্দেষু শুভাশীঃশতানি বিতরৎসু চ

---

সংজ্ঞা একানংশা* প্রভৃতি দেবীগণের সহিত মিলিত হইয়া ভগবতী পৌর্ণমাসী মুরলী মহতী (বীণা) ঝর্ঝরী (ঝাজ) মুরজ (মৃদঙ্গ) দুন্দুভি (ঢাক বা নাগরা) প্রভৃতি বাদ্যের ধ্বনি ও কোলাহলে কিন্নরী ও গন্ধর্ব্বীকুল আকৃষ্ট হইয়া সঙ্গীত করিতে লাগিলে অপ্সরা বিদ্যাধরীগণ নৃত্য করিতে আরম্ভ করিলে শচী প্রভৃতি দেবাঙ্গনা গণ জয় জয় ধ্বনি পূর্ব্বক পারিজাতাদি কুসুম বর্ষণ করিতে থাকিলে বিশাখাদি সহচরী সমুদয়, সুবাসিত পট্টবাস, সুরঞ্জিত রজ্জু† নব ঘনসার চূর্ণ (চন্দনচূর্ণ), মনোহর মৃগমদ, সুললিত কুঙ্কুম, চন্দনদ্রব ও বিবিধ সুগন্ধি কুসুম সমূহ, সুললিত গান পুরঃসর চতুর্দ্দিক হইতে বিকিরণ করিতে লাগিলে বিপ্রপত্নীগণ শত শত শুভাশীর্ব্বাদ বাক্য প্রয়োগ করিতে লাগিলে সখীগণ

---

১। ঝাজ। ২। চূর্ণ। ৩। চন্দনদ্রব।

---

* কৃষ্ণের অনুজা, বিন্ধ্যাচলবাসিনী।

† বস্ত্রবন্ধনোপযোগী।

সখীবৃন্দসমর্প্যমাণশোভনকুঙ্কুমাগুরুকর্পূরচন্দনবিবিধসুরভিকুসুমাদিসুবাসিতজলপরিপূরিতকাঞ্চনাষ্টোত্তরশতঘটৈঃ সুবর্ণবেদিকানিহিতপদ্মরাগমণিপীঠোপরি সন্নিবিষ্টাং প্রিয়সখীং গান্ধর্ব্বাং ভগবতী পৌর্ণমাসী সানন্দমভিষিচ্য(১) বিবিধসুলক্ষণমহারত্নসঞ্চয়োদকসহস্রধারাভির্জয়জয়শব্দপূর্ব্বকং রত্নাভিষেকং চকার॥

বৃন্দা সহর্ষং,—ততস্ততঃ?

ললিতা,—ততো ময়ৈব সুচীনবসনেন শনৈঃ শনৈরঙ্গান্যামৃজ্য সুরক্তদুকূলং পরিধাপ্য কেতকীকুসুমসুবাসিতজলদনীলোত্তরীয়বসনেনাবগুণ্ঠ্য সুখমন্যতরকনকপীঠে নিবেশ্য নানাবিধকুসুমনবগুঞ্জাপুঞ্জসুমধুরমুক্তাদিমণিনিকরৈর্নিন্দিতশিখিপিঞ্ছ (চ্ছ)

---

কর্ত্তৃক অর্প্যমাণ শোভন কুঙ্কুম অগুরু কর্পূর, চন্দন, বিবিধ সুরভি কুসুমাদি সুবাসিত বারি পরিপূরিত কাঞ্চনময় অষ্টোত্তর শত ঘট দ্বারা সুবর্ণ বেদিকাস্থিত পদ্মরাগ মণিরচিত পীঠোপরি সন্নিবিষ্টা প্রিয়সখী গন্ধর্ব্বাকে (শ্রীরাধারাণীকে) আনন্দ সহকারে অভিষেক করিয়া বিবিধ সুলক্ষণাক্রান্ত মহারত্ন সমূহের জলে সহস্রধারা দ্বারা জয় জয় শব্দ পূর্ব্বক রত্নাভিষেক করিয়াছিলেন।

বৃন্দাদেবী সহর্ষে জিজ্ঞাসা করিল,—তার পর তার পর?

ললিতা কহিল,—তার পর আমি সূক্ষ্ম বসনদ্বারা আস্তে আস্তে সখীর অঙ্গ সমূহ সম্মার্জ্জন করিয়া সুরক্ত বস্ত্র পরিধান করাইয়া কেতকী কুসুম সুবাসিত মেঘবৎ নীলবর্ণের উত্তরীয়বসনে অবগুণ্ঠন প্রদান পূর্ব্বক অন্যতর কনকাসনে যথাসুখে উপবেশন করাইয়া নানাবিধ কুসুম নবগুঞ্জাপুঞ্জা, ও সুমধুর মুক্তা

---

১। অভিষেকং কৃত্বা।

অঘারিপুস্ত্রদৃশাং ধবাভিমানি-
ষ্বকৃত তনুপ্রতিমাঃ পুরাতু মায়া।
সরভসমধুনাস্ম তা বিভজ্য
প্রকৃততনূস্তনুতে প্রমাস্পদানি ॥ ২৭৪ ॥
অথ গতবতি মূর্ত্তিভেদরীত্যা
যদুপুরমত্র চ রাজমানধাম্নি।

---

অঘরিপ্বিতি মায়া যোগমায়া অঘরিপুস্ত্রদৃশাং শ্রীকৃষ্ণকান্তানাম্ ধবাভিমানিষু ভর্ত্রভিমানিষু তনুপ্রতিমাঃ তনু প্রতিরূপাণি যথা অকৃত কৃতবতী নাসূয়ন্ খলু কৃষ্ণায় মোহিতাস্তস্য মায়য়া মন্যমানাঃ স্বপার্শ্বস্থান্ স্বান্ স্বান্ দারান্ ব্রজৌকসঃ ইতি রাসপঞ্চাধ্যায়স্য শ্রীমদ্ভাগবতশ্লোকঃ অধুনা সরভসং সত্বরং তা প্রমাস্পদানি অপ্রকৃতাস্তনুঃ বিভজ্য যথার্থজ্ঞানাস্পদানি প্রকৃততনুঃ যথার্থশরীরাণি তনুতে স্ম নির্ম্মিতবতী ॥ ২৭৪ ॥

অথ গতবতীতি অথ অনন্তরং মূর্ত্তিভেদরীত্যা মূর্ত্ত্যন্তরেণ যদুপুরং দ্বারকানগরীং গতবতি অত্র চ ব্রজেঽপি রাজমানধাম্নি রাজমানং দীপ্তিমৎ ধাম তেজঃ যস্য স তস্মিন্, ব্রজভবজনদৃশ্যমাত্ররূপে ব্রজভবজনমাত্রেণ ব্রজবাসিজনমাত্রেণ দৃশ্যং রূপং যস্য স তস্মিন্ গোপকৃষ্ণে গোপালবেশধারিণি

---

দর্শনে অভিলাষী হইয়া নিজ রথবেগে জননীর সহিত বলদেব ও উদ্ধবকে গোষ্ঠে আনয়ন করিয়াছিলেন ॥ ২৭৩ ॥

পূর্ব্বে যোগমায়া শ্রীকৃষ্ণপ্রেয়সীবর্গের শরীরে যে প্রতিমা নির্ম্মাণ করিয়াছিলেন, এক্ষণে শীঘ্রই সেই প্রতিমা শরীর বিভক্ত করিয়া সকলের প্রেমাস্পদ করিয়াছিলেন ॥ ২৭৪ ॥

অনন্তর মূর্ত্তিভেদে যদুপুরে গমন করিলেন এবং এই ব্রজপুরেও তেজোময়রূপে প্রকাশমান হইলেন। সেই রূপ ব্রজবাসিমাত্রেই অবলোকন

ব্রজভবজনমাত্রদৃশ্যরূপে
মতিরুদিয়াত্তবচিত্ত গোপকৃষ্ণে ॥ ২৭৫ ॥

ইতি জন্মাদিলীলা।

---

কৃষ্ণে শ্রীনন্দনন্দনে হে চিত্ত ! মম সংকল্প ! তব মতিঃ বুদ্ধিঃ উদিয়াৎ স্ফূর্ত্তিং গচ্ছতু ॥ ২৭৫ ॥

---

করিতে পাইতেন। চিত্ত! সেই গোপকৃষ্ণে অর্থাৎ গোপালবেশধারী কৃষ্ণে তোমার বুদ্ধি স্ফূর্ত্তিযুক্ত হউক ॥ ২৭৫ ॥

## অথ নিত্যলীলা।

প্রকটতর বিকাসভাজি বৃন্দা
বন ইহ ভাতি কিমপ্যদৃশ্য ধাম।
ব্রজজনসহিতঃ স যত্র কৃষ্ণঃ
সুখবিহৃতিং বিদধদ্বিভাতি নিত্যং॥ ১॥
পরিলসতি পয়ঃ সমুদ্রসীমা
ব্রজযুবরাজসমাজলোক এষঃ।

---

প্রকটতরবিকাশেতি প্রকটতরবিকাশভাজি প্রকটতরঃ বিকাশঃ স্ফুটতরা দীপ্তিঃ তং ভজতে যৎ তস্মিন্, টাৎ ভজবহসহো বিণ্ ইতি বিন্ ইহ বৃন্দাবনেঽদৃশ্যধাম সর্ব্বলোকগোচরং নিবাসস্থানং কিমপি অনির্ব্বচনীয়ম্ অস্তি। যত্র সঃ কৃষ্ণঃ ব্রজজনসহিতঃ ব্রজবাসিপরিবেষ্টিতঃ সুখবিহৃতিং সুখবিহারং বিদধৎ কুর্ব্বন্ নিত্যং চিরং বিভাতি বিলসতীতি॥ ১॥

পরিলসতীতি পয়ঃসমুদ্রসীমঃ পয়ঃসমুদ্রঃ ক্ষীরাব্ধিঃ এব সর্ব্বসুধীসুনিশ্চিতঃ সীমা যস্য স ব্রজযুবরাজসমাজলোকঃ ব্রজযুবরাজস্য শ্রীকৃষ্ণস্য তস্য সমাজস্য পরিবারস্যচ লোকঃ পরিলসতি অমুম্ অনু মধ্যে চতুরস্রং চতুর্ভুজক্ষেত্রম্

---

প্রকটত্তর বিকাশ যুক্ত এই বৃন্দাবনে কোন এক অদৃশ্য ধাম আছে। সেই কৃষ্ণ সেই স্থানে ব্রজবাসিবর্গের সহিত নিত্য সুখ বিহার করিয়া নিত্যই প্রকাশমান থাকেন॥ ১॥

ক্ষীরসমুদ্র ব্রজ যুবরাজ ও তৎ পরিবারের আবাস স্থল এই লোকের সীমা

অমুমনু চতুরস্রমত্র বন্যাগিরি
সরিদঞ্চিতচারুতাতিধন্যা ॥ ২ ॥
গিরিসমুদিতিরত্র সুষ্ঠু গোব-
র্দ্ধনবলিতা পরিভাতি চিত্রতুল্যা।
বিলসতি যমুনাদিকা নদীনাং
ততিরপি মানসগঙ্গয়ানুষক্তা ॥ ৩ ॥
অভিরুচিদদরত্নচিত্রমিত্রং
ভুবনমিদং পরিভাতি যত্র বৃক্ষাঃ।

---

অস্তি, অত্র চতুরস্রে ক্ষেত্রে বন্যা বনসমূহঃ বিদ্যতে যা গিরিসরিদঞ্চিতচারুতা গিরিঃ পর্ব্বতঃ সরিদঞ্চিতং নদীপ্রবাহঃ তাভ্যাং হেতুভ্যাং চারুতা যস্যাং সা ইতি হেতোঃ অতিধন্যা ॥ ২ ॥

গিরিসমুদিতিরিতি গিরিসমুদিতিঃ পর্ব্বতসমূহঃ অত্র গোবর্দ্ধনবলিতা গোবর্দ্ধনযুক্তা সতী গোবর্দ্ধনমুখ্যা ইতি ফলিতার্থঃ চিত্রতুল্যা আলিখিতা ইব স্থিরসৌন্দর্য্যবত্ত্বাদিতি ভাবঃ পরিভাতি মানসগঙ্গয়া তন্নাম্না নদ্যা যুক্তা যমুনাদিকা নদীনাং ততিঃ সমূহোঽপি বিলসতি বিরাজতে তত্র ॥ ৩ ॥

অভিরুচীতি ইদং যত্র ইদম্ অতিরুচিদদরত্নচিত্রমিত্রং অভিরুচিদদং রত্নং চিন্তামণিনামকং তেন চিত্রম্ আশ্চর্য্যকরং মিত্রং সর্ব্বেষাং মনোরঞ-

---

স্বরূপ হইয়া থাকে। ইহার মধ্যে বনশ্রেণী শোভা পাইয়া থাকে। সেই বনশ্রেণী পর্ব্বত ও নদী প্রবাহের সৌন্দর্য্যে অতি ধন্য হইয়া থাকে ॥ ২ ॥

যে স্থলে গোবর্দ্ধন প্রভৃতি পর্ব্বত পংক্তি চিত্র সদৃশ হইয়া প্রকাশ পাইতেছে। যে স্থলে মানসগঙ্গা সংযুক্তা যমুনা প্রভৃতি নদী সমুদয় বিলাস করিতেছে ॥ ৩ ॥

চিন্তামণিরত্নে চিত্র অর্থাৎ চমৎকার এবং মিত্রতুল্য উপকারক এই ভুবন

তদনুকৃতিপরারুচা সমৃদ্ধ্যা
হরিরতিদায়িতয়া চ যে বিভাভা ॥ ৪ ॥
বিলসতি চতুরস্রধাম্নিঘস্র
ক্ষিতিপতিবিম্বমহঃ সহস্রপত্রং।
উপবনমধিপত্রমত্র কৃষ্ণ
প্রিয়তমুদারবিহারসারবারঃ ॥ ৫ ॥
ইহ কমলদলদ্বয়ালিমধ্য
স্থিতি পথিবৃন্দমতিস্ফুটং বিভাতি।

পুরকং ভুবনং পরিভাতি। যত্র মন্দিরপ্রাঙ্গণে বৃক্ষাঃ পাদপাঃ রুচা কান্ত্যা তদনুকৃতিপরাঃ মন্দিরসৌষ্ঠবধারিণঃ তিষ্ঠন্তি। যে চ বৃক্ষা হরিরতিদায়িতয়া শ্রীকৃষ্ণচিত্তরঞ্জকত্বেন সমৃদ্ধ্যা ঐশ্বর্য্যেণ চ বিভাতাঃ প্রকাশশালিনঃ ভবন্তি ॥ ৪ ॥

বিলসতিচতুরস্রেতি চতুরস্রধাম্নি চতুর্ব্বাহুক্ষেত্রে ঘস্রক্ষিতিপতিবিম্বমহঃ সহস্রপত্রং ঘস্রক্ষিতিপতিঃ দিনপতিঃ অর্থাৎ সূর্য্যঃ তস্য বিম্ববৎ মহঃ তেজো যস্য তৎ তথাভূতং সহস্রপত্রং কমলং বিদ্যতে, অধিপত্রং পত্রেষু তস্য কমলস্য ইতি ভাবঃ উপবনম্ আরামঃ বিদ্যতে, অত্র উপবনে কৃষ্ণপ্রিয়তমদারবিহার-সারঃ কৃষ্ণস্য প্রিয়তমা দারাঃ প্রেয়স্যঃ তাসাং বিহারাণাং সারবারঃ সার-সমূহঃ বিরাজতে ॥ ৫ ॥

ইহ কমলেতি ইহ কমলে কমলদলদ্বয়ালিমধ্যস্থিতিপথিবৃন্দং নলিনপত্র-

বিশেষরূপে প্রকাশ পাইতেছে। যে স্থলে বৃক্ষ সমুদয়ও শ্রীকৃষ্ণের প্রীতি-দায়িতাহেতু পরমা রুচি ও সমৃদ্ধির সহিত প্রকাশ পাইতেছে ॥ ৪ ॥

সেই চতুর্ব্বাহু ক্ষেত্রে সূর্য্যবিম্বের ন্যায় তেজস্বি এক পদ্ম বিদ্যমান আছে। সেই পদ্মের পত্রেতে উপবন আছে, সেই উপবনে কৃষ্ণের প্রিয়তম প্রেয়সী সকলের বিহার সার বর্ত্তমান আছে ॥ ৫ ॥

এই কমলের পত্র যুগলের সন্ধিস্থলে সরণি অর্থাৎ পত্র সকল অতি স্পষ্ট

অপরপরগতাবচাক্ষুষাণি
শ্রুতিবিহিতান্যয়নানি যত্তু জেতৃ ॥ ৬ ॥
চিন্তামণিকমলস্য তস্যচাগ্রা-
বলিবলয়প্রতিসন্ধিলব্ধসন্ধি।
সুরভিগণবৃতা সুধাভদুগ্ধা
সুরভিততিঃ শ্রূয়তে শুভংযুগোষ্ঠং ॥ ৭ ॥
অথ দলবলয়স্য মধ্যভাগং
প্রতিলসতি ব্রজরাজরাজধানী

---

গসমূহস্য মধ্যে স্থিতির্যস্য তথাভূতং পথিবৃন্দং সরণিকদম্বকং বিভাতি। যৎ তু পথিবৃন্দং শ্রুতিবিহিতানি বেদৈঃ প্রতিপাদিতানি অপরপরগতৌ ধূমযানদেবযানগমনবিষয়ে অবচাক্ষষাণি অগোচরাণি অয়নানি বর্ত্মানি জেতৃ জয়শীলং ভবতি ॥ ৬ ॥

চিন্তামণিকমলস্যেতি চিন্তামণিকমলস্য অগ্রাবলিবলয়প্রতিসন্ধিলব্ধসন্ধি অগ্রাবলিরেব বলয়ং তস্য প্রতিসন্ধিলব্ধসন্ধি মেলনস্থানলব্ধসন্নিবেশং শুভংযু মঙ্গলময়ং গোষ্ঠং সুরভিগণবৃতা দেবধেনুসমূহপূজিতা সুরভিততিঃ নন্দব্রজস্থিতধেন্বাবলিঃ শ্রূয়তে সা সুরভিততিঃ সুধাভদুগ্ধা অমৃততুল্যদুগ্ধদায়িনী ॥ ৭ ॥

অথ দলবলয়স্যেতি দলবলয়স্য সহস্রদলকমলদলনির্ম্মিতং বলয়ং তস্য মধ্যভাগং পরিবিধৎ ব্যাপ্নুবৎ ব্রজরাজরাজধানী পরিলসতি, অত্র যত্র

---

প্রকাশ পাইতেছে। যে সরণিসকল অপরাপরের গতি সম্বন্ধে অগোচর বেদ-বিদিত অয়ন সকলকে পরাজিত করিতেছে ॥ ৬ ॥

ক্ষীরসমুদ্রস্থিত সেই কমলের অগ্রবলয়ের প্রত্যেক সন্ধিস্থলে গোষ্ঠ সকল বর্ত্তমান আছে। সেই গোষ্ঠ সকলে অমৃততুল্য দুগ্ধদায়িনী দেবধেনু সকল কর্ত্তৃক অর্চ্চিতা সুরভি সমুদয় আশ্রয় লইয়া থাকেন ॥ ৭ ॥

সেই কমলদল সকলের মধ্যভাগে ব্রজরাজ নন্দের রাজধানী শোভা পাইয়া

পরিবিধদভিতঃ সমস্তগোপ
প্রকরগৃহাবলিরত্র যত্র ভাতি ॥ ৮ ॥
রুচিলসদবরোধমধ্যভাগং
সপরিষদন্তিমষষ্ঠভাগপুষ্টং।
ব্রজনৃপভবনন্তু তত্রচান্ত
র্দিনকরবদ্বিদধাতি রশ্মিসৃষ্টিং ॥ ৯ ॥
যদপি মণিময়ং তদেকরূপং
তদপিসদদ্ভুতমধ্যমধ্যভাগং।

---

নানাপ্রকারেণ বিলসৎ সমস্তগোপপ্রকরগৃহাবলিঃ সমস্তগোপস্তবকস্য গৃহাবলিঃ হর্ম্ম্যশ্রেণী ভাতি প্রকাশতে ॥ ৮ ॥

রুচিলসদিতি তত্র ব্রজরাজধান্যাং অন্তিমষষ্ঠভাগপুষ্টং অন্তিমেন শেষস্থিতেন ভাগেন প্রকোষ্ঠেণ পুষ্টং শোভাবত্বেন উন্নীতং রুচিলসদবরোধমধ্যভাগং রুচিলসন্ কান্ত্যা বিরাজমানঃ অবরোধং অন্তঃপুরং মধ্যভাগে যস্য তৎ ব্রজনৃপভবনং অন্তর্দ্ধি কেন্দ্রে বিরাজমানং সৎ দিনকরকরবৎ সূর্য্যকিরণবৎ রশ্মিসৃষ্টিং বিদধাতি করোতি ॥ ৯ ॥

যদপিমণিময়মিতি যদপি যদ্যপি মণিময়ং তদ্ভবনম্ একরূপং সৌন্দর্য্যেন সর্ব্বত্র বিশিষ্টং তদপি তথাপি সদদ্ভুতমধ্যমধ্যভাগঃ, সচ্চ তৎ অদ্ভুতঞ্চেতি সদদ্ভুতঃ তথাভূতঃ মধ্যমধ্যভাগো যস্য তৎ ব্রজনৃপভবনং ভবতি। হে মম মানস।

---

থাকে। যে স্থলে চতুর্দ্দিকে অন্যান্য গোপবর্গের গৃহ সমূহ শোভা পাইয়া থাকে ॥ ৮ ॥

যাহার মধ্যস্থলে সৌন্দর্য্যশালী অবরোধ অর্থাৎ অন্তঃপুর শোভা পাইতেছে। পরিষদ্ অর্থাৎ সভাগৃহের সহিত ষষ্ঠভাগ দ্বারা যাহা পুষ্ট হইতেছে। এতাদৃশ ব্রজ নৃপতি মন্দির সূর্য্যের ন্যায় কিরণ বিকিরণ করিতেছে ॥ ৯ ॥

সেই চিন্তামণিময় স্থান যদিও একরূপ তথাপি উহার মধ্যভাগ অত্যাশ্চর্য্য।

যদি বহুবিধমূহিতুং সমীহা
স্মর মম মানস গোপচম্পূযুগ্মং॥ ১০ ॥
ইহ সহচরতারকালিপুষ্টঃ
স্বকপরিচারি চকোরবারজুষ্টঃ।
স্মিতমনুযশঃ ইত্যনুদ্য কৌমু-
দ্যবতরতীত্যুদিতাৎকবেঃ স্বতুষ্টঃ॥ ১১ ॥

---

যদি বহুধা বহুবিধং সবিশেষম্ উহিতুং জ্ঞাতুং সমীহা সম্যক্‌চেষ্টা ভবেৎ তদা গোপালচম্পূযুগ্মং পূর্ব্বোত্তরভাগসম্পূর্ণং মৎকৃতগ্রন্থং স্মর চিন্তয় ॥ ১০ ॥

ইহসহচরেতি ইহ শ্রীনন্দভবনে স কৃষ্ণচন্দ্রঃ কিম্ভূতঃ ? তদাহ, সহচরতারকালিপুষ্টঃ, সহচরা বয়স্যা এব তারকালিঃ নক্ষত্রবীথিঃ তয়া পুষ্টঃ পরিবর্দ্ধিতঃ, স্বকপরিচারিচকোরবারজুষ্টঃ স্বকা যে পরিচারিনঃ ত এব চকোরবারাঃ চন্দ্রসুধাপায়িপক্ষিবিশেষসমূহাঃ তৈঃ জুষ্টঃ সেবিতঃ, যশঃ কীর্ত্তিম্ অনুস্মিতম্ ঈষদ্ধাস্যং অনুদ্য অবতার্য্য কৌমুদী জ্যোৎস্না অবতরতি আপততি ইতি কবেঃ বিচক্ষণস্য ভাবুকস্য উদিতাৎ বর্ণনাৎ স্বতুষ্টঃ পরম আপায়িতঃ ॥ ১১ ॥

---

যদি বিশেষরূপে অবগত ইহবার ইচ্ছা থাকে তাহা হইলে হে মন ! শ্রীগোপালচম্পূ গ্রন্থ স্মরণ কর॥ ১০ ॥

সেই শ্রীকৃষ্ণচন্দ্র সহচররূপ নক্ষত্রসমূহ কর্তৃক পুষ্ট হইয়া থাকেন। নিজ পরিচারকরূপ চকোরসমূহ কর্তৃক সেবিত হইয়া থাকেন। ঈষৎ হাস্য ও যশের অনুবাদ করিয়া জ্যোৎস্না অবতীর্ণ হইতেছে, কবি অর্থাৎ ভাবুক সকলের এই ভণিতি হইতে তিনি তুষ্টি লাভ করিয়া থাকেন॥ ১১ ॥

৪। শ্রীবৃহদ্ভাগবতামৃত।—বঙ্গানুবাদ। শ্রীল শ্যামলাল গোস্বামী সিদ্ধান্ত বাচস্পতি প্রভুপাদ কর্তৃক অনূদিত। মূল্য ২৲ টাকা, ভিঃ পিঃ খরচ স্বতন্ত্র।

৫। শ্রীকৃষ্ণভাবনামৃত মহাকাব্যম্।—সংস্কৃত মূল শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী মহাশয় বিরচিত ও তদীয় শিষ্য শ্রীল কৃষ্ণদেব সার্ব্বভৌম কৃত টীকা-সহ মুদ্রিত। মূল্য ৩৲ টাকা, ভিঃ পিঃ তে।০ আনা অধিক লাগে।

৬। শ্রীকৃষ্ণভাবনামৃত—(বঙ্গানুবাদ)—মহামহোপাধ্যায় শ্রীমদ্বিশ্ব-নাথ চক্রবর্ত্তী মহাশয় কৃত। মূল্য ২৲ টাকা, ভিঃ পিঃ তে ৶০ আনা বেশী লাগে।

৭। পরপক্ষগিরিবজ্র বা অধ্যাসগিরিবজ্র।—শ্রীমাধব মুকুন্দ চরণ বিরচিত। নাগরাক্ষরে মুদ্রিত, অতি প্রাচীন গ্রন্থ। মূল্য ৭৲ টাকা মাত্র। ডাক ব্যয় স্বতন্ত্র।

৮। ব্রহ্মসূত্র।—শ্রীনিম্বার্ক সম্প্রদায়ের ভাষ্যত্রয় সমন্বিত। মূল্য ২৲ টাকা। ডাক মাশুল স্বতন্ত্র। ১৪৪০ পৃষ্ঠায় সম্পূর্ণ।

৯। বেদান্তসারম্।—শ্রীরামানুজ মুনি প্রণীত ব্রহ্মসূত্রের লঘুভাষ্য। মূল্য ১৷৷০ টাকা। ডাক মাশুল স্বতন্ত্র।

১০। সর্ব্বসম্বাদিনী।—(বঙ্গাক্ষরে মূল সংস্কৃত) শ্রীল শ্রীপাদ-শ্রীজীবগোস্বামী বিরচিত। ইহা শ্রীভাগবত-সন্দর্ভ ষট্সন্দর্ভের বিবৃতি গ্রন্থ। মূল্য ১।০ পাঁচসিকা, ভিঃ পিঃ তে ১৷৶০ মাত্র।

১১। শ্রীচৈতন্যচরিতামৃত।—শ্রীল রাধিকানাথ গোস্বামী প্রভু-পাদ কর্তৃক সম্পাদিত। মূল্য ৩৲ তিন টাকা, ভিঃ পিঃ তে ৷৷০ আনা অধিক লাগে।

১২। শ্রীস্তবপুষ্পাঞ্জলি।—শ্রীবৈষ্ণবগণ ও ভক্তিযাজনকারী মাত্রেরই অবশ্য নিত্য অনুশীলনীয় বিবিধ স্তবাবলী। শ্রীসনাতন, শ্রীরূপ, শ্রীদাসগোস্বামী প্রভৃতি শ্রীমন্মহাপ্রভুর পরম প্রেষ্ঠপরিকরগণ কর্তৃক বিরচিত। মূল্য ১৷৷০ টাকা মাত্র। ভিঃ পিঃ তে।০ বেশী লাগে।

১৩। জগন্নাথবল্লভ নাটক—শ্রীমন্মহাপ্রভুর প্রিয় পার্ষদ শ্রীরামানন্দ রায় প্রণীত। হিন্দী অনুবাদের সহিত নাগরাক্ষরে মুদ্রিত। মূল্য ৸৹ বার আনা, ভিঃ পিঃ ৵৹ আনা অধিক লাগে।

১৪। সঙ্কল্পকল্পদ্রুম্—শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী মহাশয়ের রসময়ী লেখনী প্রসূত। মূল্য ।৹ আনা, ভিঃ পিঃ তে ৵৹ আনা অধিক লাগে।

১৫। শ্রীরায়শেখরের পদাবলী।—শ্রীরাধাকৃষ্ণের অষ্টকালীন মধুর লীলা গীতি। মূল্য ।৹ আনা, ডাঃ মাঃ ৴৹।

১৬। সাধক কণ্ঠহার।—গৌড়ীয় বৈষ্ণবের নিত্য প্রয়োজনীয় বিবিধ বিষয়ে পূর্ণ। মূল্য ।৹ চারি আনা, ভিঃ পিঃ তে ।৵৹ ছয় আনা মাত্র।

১৭। শ্রীমন্মহাপ্রভুর প্রলাপ ও শিক্ষাষ্টক।—শ্রীপাদ কৃষ্ণদাস কবিরাজ গোস্বামি গ্রন্থিত। মূল্য ॥৹ আনা, ভিঃ পিঃ তে ॥৵৹ আনা।

১৮। মনঃশিক্ষা।—বৈরাগ্য মূলক অষ্টোত্তরশত পদাবলী। প্রাচীন কবি প্রেমানন্দ দাস বিরচিত। স্থলভ মূল্য ৴৹ তিন আনা মাত্র। ডাঃ মাঃ ৴১০।

১৯। চমৎকারচন্দ্রিকা।—শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী মহাশয় বিরচিত। মূল পুস্তকের বঙ্গানুবাদ প্রকাশিত হইয়াছেন। মূল্য ৴৹ আনা, ভিঃ পিঃ স্বতন্ত্র।

২০। প্রেমসম্পুট।—শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর কৃত। মূল, টীকা ও বঙ্গানুবাদ সহিত। মূল্য ॥৹ আনা, ভিঃ পিঃ তে ॥৵৹ আনা।

২১। একান্নপদ।—প্রাতঃ, পূর্ব্বাহ্ন, মধ্যাহ্ন, সায়াহ্ন, প্রদোষ, মধ্যরাত্রি এবং নিশান্ত প্রভৃতি অষ্টকালীয় পদাবলী। শ্রীল গোবিন্দদাস ঠাকুর মহাশয় বিরচিত। মূল্য /৹ আনা, ডাক ব্যয় ৴১০ মাত্র।

গ্রন্থ পাইবার একমাত্র ঠিকানা—

শ্রীনিত্যস্বরূপ ব্রহ্মচারী।

শ্রীদেবকীনন্দন প্রেস,—শ্রীধাম বৃন্দাবন, ( জিলা মথুরা। )